বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট।

বিজ্ঞাপন।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ও মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমোদনক্রমে আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ২২ ধারামতে এই২ বিধি করিলেন।

এচ জে এস কটন, একটিং রেজিষ্ট্রার।

হাই কোর্ট ১৮৭৪ সাল ২৩ ফেব্রুআরি।

আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ২২ ধারামতে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের প্রণীত বিধি।

প্রথম।—আইনের অধীন দেশের প্রত্যেক জিলার জজ সাহেবের আদালত ও তাঁহার অধীন প্রত্যেক আদালতহইতে গত তিন বৎসরাবধি গড়ে কত খানি পরওয়ানা বাহির হইয়াছে ঐ২ জজ সাহেব ইহা নিশ্চয় করিয়া জানিয়া লইবেন।

দ্বিতীয়।—যে২ জিলায় ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইন প্রচলিত আছে সেই২ জিলার মাল আদালত হইতে গড়ে যত পরওয়ানা জারী হইয়াছে তাহাও উক্ত পরওয়ানার সংখ্যার সঙ্গে সংযোগ করিয়া ধরিতেহইবে।

তৃতীয়।—তত খানি পরওয়ানা জারী করিতে যত জন পেয়াদাতে কুলায় প্রত্যেক জিলায় তত জন নিযুক্ত হইবে। ইহার হিসাব করিতে গেলে প্রত্যেক জন পেয়াদা নিম্নলিখিত সংখ্যার পরওয়ানা জারী করিতে পারে, এমত জ্ঞান হইবে,—

জিলার আদালতের ও সবরডিনেট জজের আদালতের বৎসর	...	...	...	২০০	খানি।
মুনসেফের আদালতের বৎসর	...	...	...	২৫০	,,
ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বৎসর	...	...	...	৩০০	,,

চতুর্থ।—বিশেষ প্রকারের কোন২ পরওয়ানা জারী করিতে অধিক সময় লাগিয়া থাকে ও তাহার নিমিত্ত অধিক ফীও লওয়া যায়। ইহার বিধান করিবার জন্যে উক্ত প্রথম ও দ্বিতীয় ধারামতে গড়ে যত পরওয়ানা নিরূপণ হইল তাহার উপর শত করা আর ২৫ খানি ধরিতে হইবে।

পঞ্চম।—পার্শ্বলিখিত জিলায় পেয়াদাদিগকে যে পরওয়ানা দেওয়া যায় তাহার অধিক অংশ নৌকা করিয়া লইয়া যাওয়া প্রয়োজন, এই কারণে এক২ জন যত খানি জারী করিতে পারে তাহার তিন অংশের এক অংশ কম করিয়া ধরিতে হইবে। ও যত জন পেয়াদা নিযুক্ত করা যাইবে সেই হিসাবে তাহাদের সংখ্যা ধরিতে হইবে।

বাকরগঞ্জ।	লক্ষীপুর।
ঢাকা।	চট্টগ্রাম।
যশোহর।	দিনাজপুর।
ছিলট।	ময়মুনসিংহ।
কামরূপ।	রাজশাহী।
মওগাঁ	রঙ্গপুর।

মন্তব্য।—ডাইন পার্শ্বের ঘরের নামা জিলার এই হিসাব মে মাসের প্রথমাবধি অকটোবর মাসের শেষ পর্য্যন্ত ধরিতে হইবে।

ষষ্ঠ।—কোন জিলায় একি শ্রেণীর অনেক আদালত থাকিলে, ঐ২ আদালতের সমুদয় পরওয়ানা জারী করিতে মোটে যত জন পেয়াদাতে কুলায়, জজ সাহেব তত জনের নিযুক্ত হইবার অনুমতি দিয়া, ঐ২ আদালতের মধ্যে সময়ে২ ঐ সকল পেয়াদা বিলি করিয়া দিতে পারিবেন।

সপ্তম—জিলার অন্তর্গত কোন আদালত কিম্বা আদালত শ্রেণীহইতে যত খানি পরওয়ানা জারী হইয়া থাকে তাহা শতকরা ১০ পর্য্যন্ত বাড়িয়া গিয়াছে, জিলার জজ সাহেব ইহা দেখিতে পাইলে তদনুসারে পেয়াদাদের সংখ্যা বাড়াইয়া দিতে পারিবেন। কোন স্থানে বা পরওয়ানার সংখ্যা কমিয়া গেলে, কিম্বা যত জন পেয়াদা আছে তাহার কম সংখ্যার পেয়াদার দ্বারা উক্ত সকল কি কোন২ আদালতের সকল পরওয়ানা জারী হইতে পারে ইহা হৃদ্বোধমতে জানিলে তিনি তদনুসারে পেয়াদার সংখ্যা কমাইয়া দিবেন।

আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ২২ ধারামতে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের প্রণীত বিধি।

প্রথম।—প্রত্যেক জিলার মাজিষ্ট্রেট সাহেবের আদালত ও তাহার অধীন প্রত্যেক আদালতহইতে গত তিন বৎসরের গড় ধরিয়া বৎসর২ যত খানি পরওয়ানা জারী হইয়া থাকে মাজিষ্ট্রেট সাহেব ইহা নিশ্চয় করিয়া জানিয়া লইবেন।

দ্বিতীয়।—তত খানি পরওয়ানা জারী করিতে যত জন পেয়াদাতে কুলায় প্রত্যেক জিলায় তত জন নিযুক্ত হইবে। ইহার হিসাব করিতে গেলে প্রত্যেক জন বৎসরে ৩০০ খানি জারী করিতে পারে এমত জানিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১৭ মার্চ।]

Backergunge.	Chittagong.
Dacca.	Dinagepore.
Jessore.	Mymensingh.
Sylhet.	Rajshahye.
Kamroop.	Rungpore.
Nowgong.	
Luckimpore.	

N. B.—For the Districts in the 2nd column, the calculation is to be made for from May to October inclusive only.

3rd.—In the Districts named on the margin, where the Peons entrusted with a large proportion of processes have to be conveyed by boat, the number of processes which each Peon is expected to serve may be reduced by one-third, and the number of Peons to be employed shall be calculated accordingly.

4th.—Where it appears advisable to the Magistrate of the District, he may authorize the appointment of such number of Peons on the whole for all the Courts in his District as may suffice for executing the total number of processes of those Courts, and may from time to time apportion such Peons according to need among such Courts.

5th.—When it appears to the District Magistrate that the number of processes issued out of any Court or Courts in the District has increased by 10 per cent., he shall be competent to make a corresponding increase in the number of Peons, and if there shall be a diminution to the like extent, or if he should be satisfied that the processes of all or any of such Courts can be executed by a smaller number of Peons, it shall be his duty to make a reduction accordingly.

R. COUCH.	F. A. GLOVER.
F. B. KEMP.	CHARLES PONTIFEX.
LOUIS S. JACKSON.	W. AINSLIE.
J. B. PHEAR.	E. G BIRCH.
A. G. MACPHERSON.	G. G. MORRIS.
W. MARKBY.	

CIRCULAR ORDERS OF THE HIGH COURT.—CIVIL.

No. 3.

Dated Calcutta, the 9th February 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

THE Court are pleased to direct that outline thakbust maps be not received as evidence unless accompanied by survey map of the locality.

2. But this order is not to exclude the reception of khetbut maps when produced for the purpose of showing detailed internal measurements or field surveys.

3. The Court think it proper also to impress on all judicial officers how important it is that copies of survey maps should be made only by persons actually acquainted with drafting and surveying.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

No. 4.

Dated Calcutta, the 12th February 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

IN supersession of Circular Order No. 27, dated 10th August 1872, the Court are pleased to direct that the accounts prescribed in Circular Order No. 9 of the 8th March 1872 be kept in the English language wherever the presiding officer understands English and an English writing clerk is procurable.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

[*Government Gazette*, 17*th March* 1874.]

তৃতীয়।—পার্শ্বলিখিত নানা জিলায় যে পেয়াদাদেরহাতে পরওয়ানা দেওয়া যায় তাহারদের নৌকা করিয়া যাওয়া আবশ্যক, এই কারণে এক২ জন যত খানি জারী করিতে পারে তাহার তিন অংশের এক অংশ কমকরিয়া ধরিতে হইবে। ও যত জন পেয়াদা নিযুক্ত করা যাইবে সেই হিসাবে তাহারদের সংখ্যা কম ধরিতে হইবে।

বাকরগঞ্জ।	লক্ষীপুর।
ঢাকা।	চট্টগ্রাম।
যশোহর।	দিনাজপুর।
ছিলট।	ময়মুনসিহ।
কামরূপ।	রাজশাহী।
মওগাঁ।	রঙ্গপুর।

মন্তব্য।—ডাইম ঘরের নানা জিলার এই হিসাব মে মাসের প্রথমাবধি অকটোবর মাসের শেষপর্য্যন্ত ধরিতে হইবে।

চতুর্থ।—জিলার মাজিষ্ট্রেট সাহেব বিহিত বোধ করিলে, আপন জিলার অন্তর্গত সকল আদালতের সমুদয় পরওয়ানা জারী করিতে মোটে যত জন পেয়াদাতে কুলায়, তত জনের নিযুক্ত হইবার অনুমতি দিয়া ঐ২ আদালতের প্রয়োজনমতে সময়ে২ ঐ সকল পেয়াদা বিলি করিয়া দিতে পারিবেন।

পঞ্চম।—জিলার কোন আদালত কিম্বা কোন২ আদালতহইতে যতখানি পরওয়ানা জারী হইয়া থাকে তাহার সংখ্যা শতকরা ১০ পর্য্যন্ত বাড়িয়া গিয়াছে, ইহা জানিতে পাইলে তিনি তদনুসারে পেয়াদাদের সংখ্যাও বাড়াইয়া দিতে পারিবেন। ও পরওয়ানার সংখ্যা কমিয়া গেলে, কিম্বা কম সংখ্যক পেয়াদার দ্বারা উক্ত সকল কি কোন২ আদালতের পরওয়ানা জারী হইতে পারে ইহা সদ্বোধমতে জানিতে পাইলে তিনি তদনুসারে তাহারদের সংখ্যাও কমাইয়া দিবেন।

আর কৌচ। এফ এ গ্লবর।
এফ বি কেম্প। চারলস পণ্টি ফেক্স।
লুইস এস জ্যাকসন। ডবলিউ এনসলি।
জে বি ফিয়র। ই জি বর্চ।
এ জি মাকফরসন। জি জি মরিস।
ডবলিউ মার্কবি।

হাই কোর্টের দেওয়ানী সরক্যুলর।

৩ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ১৪ ফেব্রুআরি।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট
দেওয়ানী।

হাই কোর্টের সাহেবেরা এই আজ্ঞা করিয়াছেন।—স্থানবিশেষের সরবে ম্যাপ সঙ্গে না থাকিলে কেবল থাকবস্ত নকশা প্রমাণস্বরূপ গ্রাহ্য নয়।

২। কিন্তু জমীর মধ্য২ স্থানের বিস্তারিত ম্যাপ কি ক্ষেতের জরীপ দেখাইবার নিমিত্ত ক্ষেতবৎ নকশা উপস্থিত করা গেলে যে তাহা গ্রাহ্য হইবে না, এই আজ্ঞার এমত অভিপ্রায় নয়।

৩। আরও যাঁহারা নকশাকরণ ও জরীপকরণ বিদ্যাতে সুপটু কেবল এমত ব্যক্তির দ্বারা সরবে ম্যাপের নকশা করাইয়া লওয়া প্রয়োজন, হাই কোর্টের সাহেবেরা এই কথা সকল বিচারপতির হৃদয়ঙ্গম করা উচিত জ্ঞান করেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

---

৪ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ১২ ফেব্রুআরি।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

হাই কোর্টের সাহেবেরা ১৮৭২ সালের আগষ্ট মাসের ১০ তারিখের ২৭ নং সরক্যুলর অর্ডর রহিত করিয়া এই আজ্ঞা করিতেছেন। প্রধান কর্ম্মকারক ইংরেজী ভাষা বুঝিতে পারিলে, ও ইংরেজী লিখিতে পারেন এমত কেরাণী পাওয়া যাইতে পারিলে, ১৮৭২ সালের ৮ মার্চের ৯ নং সরক্যুলর অর্ডরে যে হিসাব লিখিবার কথা আছে তাহা ইংরেজীতে লিখিয়া রাখিতে হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১৭ মার্চ।]

CIRCULAR MEMO. OF THE HIGH COURT.—CIVIL.

No. 3.

Dated Calcutta, the 13th February 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

THE Court finds it necessary to point out that, in lieu of the title "Additional Moonsiff" now used in some districts where more than one Moonsiff is appointed to a Chowkey, the Moonsiff should be designated "1st Moonsiff," "2nd Moonsiff," and so on, according to seniority.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

No. 4.

Dated Calcutta, the 14th February 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

THE attention of all Civil Courts subordinate to the High Court is drawn to the direction in paragraph 2 of Circular Order No. 3, dated 17th January 1871, as to the punching of stamps affixed to documents issued by them at the time the stamps are affixed; and it is ordered that the duty be assigned in every Court to a specified responsible officer.

2. Blank papers for copies should, as usual, be presented with the application; but it is not necessary in such cases that stamps should be affixed to the blank papers; it will be enough if the adhesive stamp be made over to the officer whose duty it is to cancel stamps, and that officer will, if the request for a copy be allowed, at once affix the stamp to the paper and cancel it by punching, but if it be not allowed, he will return the adhesive stamp to the petitioner, a note to this effect being made in the Register and signed by such officer.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

No. 5.

Dated Calcutta, the 18th February 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

EVERY District Judge and Judicial Commissioner subject to the control of the High Court is requested to forward to this office, within fifteen days' after the 1st April next, a correct list, according to the enclosed form, of the Advocates and Pleaders practising in his own Court and in each Moonsiff's Court in his district.

2. The different classes of Pleaders, senior and junior, should be carefully discriminated, and the Government Pleader should be described as such.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

[*Government Gazette, 17th March* 1874.]

স্মরণার্থ সরক্যুলর।

---

৩ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ১৩ ফেব্রুআরি।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট
দেওয়ানী।

কোন চৌকীতে এক জনের অধিক মুনসেফ নিযুক্ত থাকিলে, কোন২ জিলায় আডিশ্যনল মুনসেফ বলিয়া তাঁহার উল্লেখ হইয়া থাকে। হাই কোর্টের সাহেবেরা ঐ নামের পরিবর্ত্তে মুনসেফদের পদজ্যেষ্ঠতানুসারে প্রথম মুনসেফ, দ্বিতীয় মুনসেফ, প্রভৃতি নামে তাঁহারদের উল্লেখ করা আবশ্যক জানাইতেছেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ জে এস কটন.
একটিং রেজিষ্ট্রার।

---

৪ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ১৪ ফেব্রুআরি।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

হাই কোর্টের অধীন কোন দেওয়ানী আদালত যে দলীল জারী করেন সেই দলীলে যে সময়ে ইষ্টাম্প বসান যায় সেই সময়ে তাহা ছেনী দিয়া কাটিতে হইবে এই বিষয়ে ১৮৭১ সালের ১৭ জানুআরির ৩ নং সরক্যুলর অর্ডরের ২ দফায় যে আদেশ হইয়াছে তৎপ্রতি ঐ সকল আদালতের মনোযোগ করিতে আদেশ হইল। ও প্রত্যেক আদালতে বিশেষ কোন কার্য্যকারকের প্রতি ঝোঁক রাখিয়া তাঁহাকে সেই কর্ম্মে নিযুক্ত করিবার আজ্ঞা হইতেছে।

২। দরখাস্তের সঙ্গে নকল করিবার জন্যে শাদা কাগজ যেমন দেওয়া গিয়া থাকে তেমনি দিতে হইবে, কিন্তু তদ্রূপ স্থলে ঐ শাদা কাগজে ইষ্টাম্প দিবার প্রয়োজন নাই। ইষ্টাম্প অকর্ম্মণ্য করা যে কার্য্যকারকের কর্ত্তব্য তাঁহাকে আটাল ইষ্টাম্প দিলেই চলিতে পারিবে। পরে নকল পাইবার প্রার্থনা গ্রাহ্য হইলে ঐ কর্ম্মকারক কাগজে ইষ্টাম্প বসাইয়া তাহা ছেনী দিয়া কাটিয়া অকর্ম্মণ্য করিবেন। নকল পাইবার দরখাস্ত অগ্রাহ্য হইলে তিনি দরখাস্তকারিকে সেই ইষ্টাম্প ফিরিয়া দিয়া রেজিষ্টরে সেই মর্ম্মের কথা লিখিয়া তাহাতে দস্তখৎ করিবেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

---

৫ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ১৮ ফেব্রুআরি।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

হাই কোর্টের অধীন প্রত্যেক জিলার জজ সাহেবের ও জুডিশ্যল কমিশ্যনর সাহেবের প্রতি এই আদেশ হইল। তাঁহারদের নিজ আদালতে ও জিলার অন্তর্গত প্রত্যেক মুনসেফের আদালতে যে২ আডবোকেট ও উকীলেরা ওকালতী করিয়া থাকেন, আগামি আপ্রিল মাসের ১ তারিখের পর পনের দিনের মধ্যে নিম্নলিখিত পাঠানুসারে তাঁহাদের নামাদির সংশোধিত নির্ঘণ্টপত্র এই আফসে পাঠাইতে হইবে

২। সিনিয়র ও জুনিয়র নানা শ্রেণীর উকীলদের নাম বিশেষ করিয়া লিখিতে হইবে ও গবর্ণমেণ্টের উকীলের নাম গবর্ণমেণ্ট উকীল বলিয়া লিখিতে হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১৭ মার্চ।]

District Court and Subordinate Judge's Court of

Name of Advocate or Pleader.	Nature of qualification. (A.)	Date of qualification.	Date of last license.	REMARKS.
				(A.) *e. g.*, "Advocate of High Court," "B. L. Vakeel of High Court," "1st grade Diploma-holder." &c., &c.

Small Cause Court of and Moonsiff's Court.

Name of Pleader.	Nature of qualification.	Date of qualification.	Date of last license.	REMARKS.
				Those who hold license for both Courts should be distinguished.

অমুক জিলার আদালত ও সবডিভিসন্ অফের আদালত।

আডবোকেটের কি উকীলের নাম	যে প্রকারের যোগ্যতাপত্র পাস (ক)	যোগ্যতাপত্র পাইবার তারিখ	শেষ লাইসেন্সের তারিখ	মন্তব্য।
				(ক) যথা, হাই কোর্টের আডবোকেট। বি, এল, হাই কোর্টের উকীল। প্রথম শ্রেণীর ডিপলোমা প্রাপ্ত। ইত্যাদি।

অমুক স্থানের ক্ষুদ্র মোকদ্দমার আদালত ও মুনসেফের আদালত।

উকীলের নাম	যে প্রকারের যোগ্যতাপত্র পাস	যোগ্যতাপত্রের তারিখ	শেষ লাইসেন্সের তারিখ	মন্তব্য।
				যাঁহারা দুই আদালতের লাইসেন্স পাইয়াছেন তাঁহারদের ঐ কথা বিশেষ করিয়া লিখিতে হইবে।

No. 7.

Dated Calcutta, the 6th March 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

THE Court is pleased to direct that, in the preparation of Judicial Statements (annual) Nos. 8 and 9, prescribed by Circular Order No. 32, dated 8th November 1870, cases in course of transfer, when the year closes, shall be shown in the returns for that year as pending in the Court to which they have been transferred. The Court expect accordingly that, in the returns for 1873, all cases transferred on or before 31st December will be accounted for by the Courts to which they belong in consequence of such transfer.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

CIRCULAR MEMO. OF THE HIGH COURT.—CRIMINAL.

No. 1.

Dated Calcutta, the 19th February 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Criminal.

As Honorary Magistrates in some districts are now exceedingly numerous, but, as a general rule, they singly try few cases, the Court directs that in the first column of statement D, part I, the Honorary Magistrates who have acted singly may be entered together and their cases exhibited in one line. But benches of Magistrates, however composed, should be exhibited separately, one line to each, thus:—

Sudder bench of Magistrates——————————
Ferozepore ,, ,, ——————————
Honorary Magistrates sitting singly ——————————

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

NOTIFICATION.

LEAVE OF ABSENCE.

The 7th March 1874.—Baboo Joygopal Bose, Moonsiff of Panchpookeriah, District Tipperah, is allowed sick leave for two months from the 13th February 1874, under Section 3, Supplement F of the Civil Leave Code.

Baboo Protap Chunder Dey, B.L., Moonsiff of Hemtabad, District Dinagepore, is allowed privilege leave for one month from the 25th February last, or from any later date on which he may have availed himself of it, under Section 21, Chapter VI of the Civil Leave Code. The Serishtadar to be placed in charge of the current duties of the Moonsiff's Office.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

HIGH COURT, *the 9th March* 1874.

[*Government Gazette, 17th March* 1874.]

৭ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ৬ মার্চ।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

১৮৭৪ সালের ৮ নবেম্বরের ৩২ নং সরক্যুলর অর্ডরে আদালতের ৮ ও ৯ নম্বরের যে বার্ষিক কৈফিয়ৎ নির্দ্দিষ্ট হইয়াছে তাহা প্রস্তুত করণ বিষয়ে হাই কোর্টের সাহেবেরা এই আদেশ করিয়াছেন, কোন বৎসরের অবসানে যে২ মোকদ্দমা খারিজ দাখিল হইতে চলিল তাহা যে আদালতে দাখিল করা যায় সেই আদালতে উপস্থিত বলিয়া সেই বৎসরের রিটর্ণে লিখিতে হইবে। অতএব ১৮৭৩ সালের ডিসেম্বর মাসের ৩১ তারিখে কি তৎপূর্ব্বে যে সকল মোকদ্দমা খারিজদাখিল করা যায়, ঐ খারিজদাখিল হওনদ্বারা যে আদালতের মোকদ্দমা হয় ১৮৭৩ সালের রিটর্ণে সেই আদালত তাহার বেওরা জানাইবেন, হাইকোর্টের এই অপেক্ষা।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

হাই কোর্টের ফৌজদারী সরক্যুলর।

স্মরণার্থ

১ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ১৯ ফেব্রুআরি।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
ফৌজদারী।

এইক্ষণে কোন ২ জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটদের সংখ্যা অতি অধিক হইয়াছে কিন্তু তাঁহারা একলা বসিয়া প্রায় অত্যল্প মোকদ্দমার বিচার করিয়া থাকেন, ইহা দেখিয়া হাই কোর্টের সাহেবেরা আজ্ঞা করিয়াছেন যে অবৈতনিক যে২ মাজিষ্ট্রেট একলা বসিয়া কর্ম্ম করিয়াছেন D চিহ্নিত কৈফিয়তের ১ খণ্ডের প্রথম ঘরে তাঁহাদের নাম একত্র লেখা যায় ও তাঁহাদের মোকদ্দমা একি পঁক্তিতে প্রকাশ হয়। কিন্তু যে২ ব্যক্তিদিগকে লইয়া মাজিষ্ট্রেটদের বেঞ্চ হউক তাঁহারদের এক২ বেঞ্চের কথা এক২ পঁক্তি করিয়া এই প্রকারে যেন স্বতন্ত্র লেখা যায়।

সদর মাজিষ্ট্রেটদের বেঞ্চ _____
ফিরোজপুরে ,, ,, _____
অবৈতিনিক যে মাজিষ্ট্রেটেরা একলা বসেন _____

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

ছুটী।

১৮৭৪ সাল ৭ মার্চ।—ত্রিপুরা জিলার অন্তর্গত পাঁচপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু জয়গোপাল বসু সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ১৮৭৪ সালের ফেব্রুআরি মাসের ১৩ তারিখ অবধি পীড়াপ্রযুক্ত দুই মাস ছুটী পাইয়াছেন।

দিনাজপুর জিলার অন্তর্গত হেমতাবাদের মুনসেফ শ্রীযুত বাবু প্রতাপচন্দ্র দে, বি, এল, গত ফেব্রুআরি মাসের ২৫ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন। মুনসেফের কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার সিরিশ তাদারের প্রতি অর্পিত থাকিবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ, জে, এস, কটন,
একটিং রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১৭ মার্চ।]

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L.P.

FEBRUARY 1874.

HON'BLE V. H. SCHALCH.

No. 3.

CIRCULAR Order No. 5 of October 1873 directed that remissions entered in Return No. X should be classed under the two heads, (1) remission of right and (2) remissions of grace. But it has in practice been found that many cases classed as cases of remission do not properly fall under either of these heads. The most common instance is where a farm of some Government estate expires and the estate coming under khas management, it is found to be uncultivated. The revenue paid by the farmer continues to appear as the demand against the estate, but has of course to be "remitted." Here, as the demand was never due from any one, the so-called remission cannot be treated as either "of right" or "of grace." Again, remissions are sometimes necessary owing to errors in account, revenue paid twice over, and the like. The Member in charge desires, therefore, that except when a remission represents a specific sum at one time really due from a specific person, but which, for good cause and under competent authority, it has been determined to forego, such remission should be classed under a third head, and appear as a "nominal remission."

A. MONEY, ESQ., C. B.

No. 4.

IN continuation of the Board's Circular Orders marginally cited, the following oders of the Government of India in the Financial Department No. 831, dated 31st January 1874, are published for information and guidance :—

No. 3 of August 1873.
„ 3 of October „

It has been brought to the notice of Government that the provisions of Section 30 of the Court Fees Act, VII of 1870, regarding the cancellation of stamps are not in all cases strictly observed, and that consequently stamps are liable to be fraudulently used a second time.

2. It is therefore requested that, with the permission of His Honor the Lieutenant-Governor, you will be good enough to impress upon all Courts and officers having to deal with Court fee stamps the importance of punching out from the stamps the figure head and destroying the piece, before taking action upon the documents to which the stamps may be attached.

3. The Member in charge desires that each District Officer will at once communicate the present Government orders direct to every one of his subordinate officers, who receives petitions or other paper bearing a Court fee stamp, reporting to the Commissioner of the Division, in due course, that this has been done. The personal responsibility of the officer who gives any order, to see that the stamp affixed under Act VII of 1870 is punched *before* he takes such action, is clear from Section 30 of the Act, and must be enforced.

[*Government Gazette*, 17*th March* 1874.]

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭৪ সাল ফেব্রুআরি মাস।

মান্যবর বি, এচ, শক সাহেব।

৩ নম্বর।

১৮৭৩ সালের অক্টোবর মাসের ৫ নম্বরের সরক্যুলর অর্ডরে এই বিধান হইয়াছিল যে, ১০ নং রিটর্ণে ক্ষমা হইল বলিয়া যে খাজানা লেখা যায় তাহা দুই শ্রেণী করিয়া লিখিতে হইবে (১) ক্ষমা হইবার অধিকার আছে বলিয়া যাহা ক্ষমা করা যায় ও (২) অনুগ্রহ করিয়া যাহা ক্ষমা করা যায়। কিন্তু কার্য্যপক্ষে দেখা গেল যে ক্ষমা হইল বলিয়া যাহা লেখা যায়, অনেক স্থলে তাহা উক্ত দুই শ্রেণীর মধ্যে ধরা যাইতে পারে না। অতি সামান্য স্থল এই, গবর্ণমেণ্টের কোন মহালের ইজারার মেয়াদ ফুরাইলে, সেই মহাল আবার খাসে আইসে, কিন্তু ভূমির আবাদ হয় নাই দেখা গেল, এমন স্থলে ইজারদার যে খাজানা দিতেন তাহা মহালের উপর দাওয়া বলিয়া লেখা থাকে কিন্তু ক্ষমা করণ ছাড়া তাহার আর কিছুই হইতে পারে না। এই স্থলে যে টাকার দাওয়া হয় তাহা কাহারও দেনা নয় সুতরাং অধিকারের বলে কিম্বা অনুগ্রহক্রমে যে ক্ষমা করা গেল এমত বলা যাইতে পারে না। এক২বার হিসাবের কোন দোষ থাকাতে কিম্বা রাজস্ব দুইবার দেওয়া ইত্যাদি কারণে ক্ষমা করা আবশ্যক হইয়া থাকে। অতএব এই বিষয়ে যে সাহেবের কর্ত্তৃত্ব থাকে তিনি আদেশ করিলেন যে, কোন সময়ে বিশেষ কোন ব্যক্তির স্থানে বিশেষ কএক টাকা প্রকৃতই পাওনা হইলেও উপযুক্ত কারণে কিম্বা উপযুক্ত কার্য্যকারকের অনুমতিক্রমে ক্ষমা করিতে স্থির করা গেল, এমত স্থলছাড়া অন্য স্থলে খাজানা ক্ষমা করা গেলে নামমাত্র ক্ষমা হইল বলিয়া তাহা তৃতীয় দফায় লিখিতে হইবে।

শ্রীযুত এ মনি সাহেব, সি, বি।

৪ নম্বর।

বোর্ডের পার্শ্বলিখিত সরক্যুলর লক্ষ করিয়া, ফিনানশ্যাল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭৪ সালের ৩১ জানুআরির ৮৩১ নম্বরের নিম্নলিখিত আজ্ঞা সাধারণের জ্ঞান ও উপদেশার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৭৩ সালের আগষ্ট মাসের ৩ নং।

১৮৭৩ সালের অক্টোবর মাসের ৩ নং।

ইষ্টাম্প অকর্ম্মণ্য করণবিষয়ে আদালতের রসুমবিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের ৩০ ধারায় যে বিধান আছে, তাহা সর্ব্বদাই আঁটাআঁটিরূপে মানা যাইতেছে না, সুতরাং প্রতরণাক্রমে ঐ ইষ্টাম্প আবার ব্যবহার হইতেও পারে, এই কথা গবর্ণমেণ্টের নিকট প্রকাশ করা গিয়াছে।

২। এই কারণে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতিক্রমে এই আদেশ করা গেল। আদালতের রসুম বিষয়ক ইষ্টাম্প লইয়া যে সকল আদালতের ও কর্ত্তৃপক্ষের কার্য্য চলে, ঐ ইষ্টাম্প যে দলীলে লাগান থাকে সেই দলীলঅনুসারে কার্য্য করিবার পুর্ব্বে ঐ ইষ্টাম্পে যে প্রতিকৃতি থাকে তাহা ছেনী দিয়া কাটিয়া নষ্ট করা অত্যন্ত প্রয়োজন, তুমি এই কথা উক্ত সকল আদালতের ও কার্য্যকারকদের হৃদয়গত করাইবা।

৩। এই বিষয়ে যে সাহেবের কর্ত্তৃত্ব ভার থাকে তিনি এই আদেশ করিতেছেন। দরখাস্ত প্রভৃতি যে২ দলীলে আদালতের রসুমের ইষ্টাম্প থাকে, সেই দরখাস্তপ্রভৃতি যে কার্য্যকারকদিগকে দেওয়া যায় প্রত্যেক জিলার কর্ত্তৃপক্ষ সাহেব আপন২ অধীন সেই প্রত্যেক জন কার্য্যকারককে গবর্ণমেণ্টের উক্ত আজ্ঞা জানাইবেন, ও তাহা জানাইয়াছেন এই কথা রীতিমতে খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট রিপোর্ট করিবেন। যে কার্য্যকারক কোন আজ্ঞা করেন সেই আজ্ঞা করিবার পুর্ব্বে, ১৮৭০ সালের ৭ আইনমতে লাগান ইষ্টাম্প ছেনী দিয়া কাটিয়া ফেলা গিয়াছে ইহা দেখিবার ভার নিজ তাঁহারই প্রতি বর্ত্তে ঐ আইনের ৩০ ধারাক্রমে ইহা স্পষ্ট জানা গেলও সেই বিধান তাঁহার প্রবল করিতেই হইবে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 24, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ২৪ মার্চ।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

NOTIFICATION.

LEAVE OF ABSENCE.

The 12th March 1874.—Baboo Denesh Chundra Roy, B.L., First Sudder Moonsiff of Burrisal, District Backergunge, is allowed sick leave for three months under Section 3, Supplement F of the Civil Leave Code.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

HIGH COURT, *the 16th March* 1874.

[*Government Gazette, 24th March* 1874.]

বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

ছুটী।

১৮৭৪ সাল ১২ মার্চ।—বাকরগঞ্জ জিলার অন্তর্গত বরিশালের প্রথম সদর মুনসেফ শ্রীযুত বাবু দীনেশচন্দ্র রায়, বি, এল, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পারিশিষ্ট বিধির ৩ ধারামতে পীড়াপ্রযুক্ত তিন মাস ছুটী পাইয়াছেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

হাই কোর্ট, ৮৭৪ সাল ১৬ মার্চ।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 31, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ৩১ মার্চ।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS OF THE HIGH COURT.—CIVIL.

No. 5.

Dated Calcutta, the 24th February 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

THE High Court have had frequent occasion to observe that the provisions of Section 30 of the Court Fees Act are not always complied with, and that consequently stamps are fraudulently used a second time.

2. Too strict a compliance with the provisions of this section cannot be enjoined, and in all cases it should be carefully seen that the figure head of the Court Fee Stamps is punched out, and the piece destroyed before any action is taken upon the documents to which the stamps may have been attached.

3. The Court now notify that, where neglect or insufficient compliance with the law appear to be habitual, they will invariably hold the presiding officer of the Court, where defalcations may ensue, personally responsible.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

No. 6.

Dated Calcutta, the 24th February 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

THE Court are pleased to notify, for the information and guidance of District Judges and Judicial Commissioners, that declarations issued by order of the Court immediately after the passing of Act XX of 1865, to the effect that an applicant for enrolment as a pleader "will be enrolled on resigning his public employment," are not to be considered as entitling parties to be so enrolled on resignation many years after the passing of the Act; and that accordingly no future applications for enrolment under these declarations will be entertained.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

No. 7.

Dated Calcutta, the 4th March 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

THE Court are pleased to prescribe, for adoption by the Subordinate Civil Courts, the accompanying form of *Fehrist*, or list of cases, to accompany the records of all decided cases sent in by Subordinate Judges and Moonsifs for deposit in the District Judge's Office.

2. These statements on printed forms are to be always uniform in size and shape in order to be bound up so as to constitute a register of decided cases useful for the purpose of tracing and identifying records.

[*Government Gazette*, 31*st March* 1874.]

হাই কোর্টের দেওয়ানী সরক্যুলর।

৫ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ২৪ ফেব্রুআরি।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী

আদালতের রসুমবিষয়ক আইনের ৬০ ধারার বিধান মানিয়া সর্ব্বদাই কার্য্য না হওয়াতে ইষ্টাম্প প্রতারণাক্রমে দ্বিতীয়বার ব্যবহার হইয়া থাকে, হাই কোর্টের সাহেবেরা পুনঃ২ ইহা দেখিতে পাইয়াছেন।

২। ঐ ধারার বিধানমতে যত আঁটাআঁটিরূপে কার্য্য হইবার আজ্ঞা হউক না কেন অতিরিক্ত বোধ হইতে পারে না। যে২ দলীলে ইষ্টাম্প বসান থাকে সেই২ দলীল লইয়া কোন কার্য্য হইবার পূর্ব্বে, আদালতের মাসুলের ঐ ইষ্টাম্পে যে প্রতিকৃতি থাকে, তাহা ছেনি দিয়া কাটিয়া ফেলা যায় ও যে টুকরাটি কাটিয়া ফেলা গেল তাহা নষ্ট করা যায়, এই বিষয় সর্ব্বদাই মনোযোগ করিয়া দেখা উচিত।

৩। এইক্ষণে হাই কোর্টের সাহেবেরা এই কথা জানাইতেছেন। আইনঅনুসারে কার্য্য হইবার ত্রুটি কিম্বা উপযুক্তমতে কার্য্য না হওয়ার একটি রীতি দেখা গেলে, যদি তৎপ্রযুক্ত টাকার হানি হয় তবে হাই কোর্টের সাহেবেরা সর্ব্বদা আদালতের কর্ত্তৃপক্ষকেই সেই বিষয়ে দায়ী বলিয়া জ্ঞান করিবেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ, জে, এস, কটন,
একটিং রেজিষ্ট্রার।

---

৬ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ২৪ ফেব্রুআরি।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট
দেওয়ানী।

জিলার জজ সাহেবদিগের ও জুডিশ্যাল কমিশ্যনর সাহেবদের জ্ঞান ও উপদেশার্থে হাই কোর্টের সাহেবেরা এই কথা জানাইতেছেন। কোন ব্যক্তি উকীলস্বরূপ নাম লেখাইবার প্রার্থনা করিলে তিনি "স্বীয় সরকারী কর্ম্ম ত্যাগ করিলে তাঁহার নাম লেখা যাইবে," ১৮৬৫ সালের ২০ আইন প্রচলিত হইবার পরেই এই মর্ম্মের যে প্রতিজ্ঞাপত্র হাই কোর্টের আজ্ঞাক্রমে দেওয়া যায়, ঐ আইন প্রচলিত হইবার পর অনেক বৎসর গত হইলেও যে সেই প্রতিজ্ঞাপত্রের বলে তাঁহারদের নাম লেখাইবার অধিকার থাকিল এমত জ্ঞান করিতে হইবে না। এই অবধি সেই প্রতিজ্ঞাপত্রমতে নাম লেখাইবার কোন প্রার্থনা গ্রাহ্য হইবে না।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ, জে, এস, কটন,
একটিং রেজিষ্ট্রার।

---

৭ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ৪ মার্চ।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

সবর্ডিনেট জজেরা ও মুনসেফেরা নিষ্পত্তি করা যে সকল মোকদ্দমার কাগজপত্র জিলার জজ সাহেবের আফিসে রাখিবার নিমিত্ত পাঠাইয়া থাকেন, হাই কোর্টের সাহেবেরা তাহার সঙ্গে২ পাঠাইবার জন্যে মোকদ্দমার ফিরিস্তির এই পাঠ নির্দ্দেশ করিয়াছেন। সবরডিনেট দেওয়ানী আদালত সকল সেই পাঠের ব্যবহার করিবেন।

ছাপা করা পাঠে লেখা ঐ সকল কৈফিয়ৎ বাঁধান যাইবার নিমিত্ত সর্ব্বদা একি পরিমাণেরও একি আকারের হইবে। এইরূপ হইলে তাহা নিষ্পত্তি করা মোকদ্দমার রেজিষ্টর হইয়া কাগজপত্রের সন্ধান লইবার ও চিনিবার কার্য্যে লাগিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৩০ মার্চ]

No. from list.	No. from Court's Register.	Description of case.	Date of decision.	Numbered papers or papers contained in the Nuthee.	REMARKS.
1	10 of 1873	Regular rent-suit ...	4th Oct. 1873	121	
2	67 „ 1872	Miscellaneous ...	5th Jan. 1873	97	
3, &c.	19 „ 1872	Regular S. C. Court ...	4th Feb. 1873	54	

By order of the High Court,
H. J. S. COTTON,
Offg. Registrar.

No. 8.

Dated Calcutta, the 7th March 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

IT having been brought to the notice of the Court that, in one of the districts within the Court's jurisdiction, the practice of taking formal contemporaneous proof of the service of notice in foreclosure proceedings under Regulation XVII of 1806 is not observed, the Court are pleased to direct that if in any other district a similar omission prevails, the proper practice should be introduced.

By order of the High Court,
H. J. S. COTTON,
Offg. Registrar.

No. 9.

Dated Calcutta, the 7th March 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

IT having been brought to the notice of the Court that, in some districts, the Appellate Courts do not transmit to the lower Courts copies of the judgments passed by them in appeal, the Court are pleased to direct that, as a general rule for the purposes of Section 361 of the Civil Procedure Code, the term "decree" shall be taken to include the judgment, and to desire that, in all cases of appeal, the Appellate Court will transmit to the lower Court a copy of the judgment passed as well as of the decree. It is right and very desirable that the lower Court, especially if its decision be reversed or modified, should have an opportunity of seeing the judgment of the Appellate Court.

By order of the High Court,
H. J. S. COTTON,
Offg. Registrar.

No. 10.

Dated Calcutta, the 7th March 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil and Criminal.

THE attention of all District Judges and District Magistrates, as well as of the Civil and Criminal authorities subordinate to them, is drawn to the Rules drawn up by the Court under Section 20 of the Court Fees' Act of 1870 notified in the *Calcutta Gazette* of the 25th February 1874, Part I, p. 476 *et seq.*, and to the rules drawn up under Section 22 of the same law (VII of 1870) notified at page 480 of the same issue of the *Gazette*.

2. Immediate effect must be given to these rules.

By order of the High Court,
H. J. S. COTTON,
Offg. Registrar.

[*Government Gazette*, 31*st March* 1874.]

ফিরিস্তির নম্বর।	আদালতের রেজিষ্টরের নম্বর।	যে প্রকারের মোকদ্দমা।	নিষ্পত্তি করিবার তারিখ।	নম্বর করা কাগজ কি নথীতে যে২ কাগজপত্র থাকে।	মন্তব্য।
১	১৮৭৩ সালের ১০ নং	খাজানার জাবেতামত মোকদ্দমা	১৮৭৩ সা. ৪ অক্টোবর	১২১	
২	১৮৭২ সালের ৬৭ নং	মুতফরকক	১৮৭৩ সা. ৫ জানুআরি।	৯৭	
৩ প্রভৃতি	১৮৭২ সালের ১৯ নং	ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জাবেতামত মোকদ্দমা	১৮৭৩ সা. ৪ ফেব্রুআরি।	৫৪	

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

---

৮ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ৭ মার্চ।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

১৮০৬ সালের ১৭ আইনমতে বন্ধকী দ্রব্য বিক্রয় করিবার নিমিত্ত মোকদ্দমাঘটিত যে কার্য্য করা যায় তাহার নোটিস জারী করিবার সময়ে দাঁড়ামতে ঐ নোটিস জারী হইবার প্রমাণও লওয়া যাইবে। কিন্তু হাই কোর্টের অধীন কোন এক জিলায় সেই রীতিমতে কার্য্য হইয়া থাকে না। এই কথা হাই কোর্টের সাহেবেরা জানিতে পাইয়া আজ্ঞা করিলেন যে অন্য কোন জিলায় সেই কার্য্যের ত্রুটি হইয়া থাকিলে, উপযুক্ত রীতিমতে কার্য্য চালান যায়।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

---

৯ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ৭ মার্চ।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

কোন২ জিলার আপীল আদালত আপীলী মোকদ্দমায় যে নিষ্পত্তি করেন নিম্নতর আদালতে সেই নিষ্পত্তির নকল পাঠাইয়া থাকেন না। হাই কোর্টের সাহেবেরা ইহা জানিতে পাইয়া এই আজ্ঞা করিলেন, দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৬১ ধারার কার্য্যপক্ষে "ডিক্রী" শব্দের মধ্যে সাধারণতঃ নিষ্পত্তিও ধরিতে হইবে। ও আপীলী সকল মোকদ্দমায় আপীল আদালত যেমন নিম্নতর আদালতে ডিক্রীর নকল পাঠাইয়া থাকেন, তেমনি নিষ্পত্তির নকলও পাঠাইবেন। আপীল আদালতের নিষ্পত্তি নিম্নতর আদালতের দেখিতে পাওয়া, বিশেষতঃ নিম্নতর আদালতের নিষ্পত্তি অন্যথা কি মতান্তর করা গেলে সেই নিষ্পত্তি দেখিতে পাওয়া উচিত ও অত্যন্ত ইষ্ট বিষয়।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

---

১০ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ৭ মার্চ।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী ও ফৌজদারী।

আদালতের রসুমবিষয়ক ১৮৭০ সালের আইনের ২০ ধারামতে যে২ বিধি হাই কোর্টের মান্যবর সাহেবদের দ্বারা প্রণীত হইয়া ১৮৭৪ সালের মার্চ মাসের ১৫ তারিখের বাঙ্গলা গেজেটের সপ্তম খণ্ডের ৫৭ প্রভৃতি পৃষ্ঠায় প্রকাশ করা যায়, এবং ১৮৭০ সালের সেই ৭ আইনের ২২ ধারামতে যে বিধি প্রণীত হইয়া ঐ গেজেটের ঐ খণ্ডের ৬৭ প্রভৃতি পৃষ্ঠায় প্রকাশ করা যায়, সকল জিলার জজ সাহেবদের ও জিলার মাজিষ্ট্রেট সাহেবদের ও তাঁহারদের অধীন দেওয়ানী ও ফৌজদারী সকল কর্ত্তৃপক্ষের প্রতি সেই বিধিতে মনোযোগ করিবার আদেশ হইতেছে।

২। সেই বিধিমতে অবিলম্বেই কার্য্য করিতে হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

No. 11.

Dated Calcutta, the 14th March 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

The returns made to the Court for 1872-73, under Circular Order No 12, dated 8th April 1872, having been found inaccurate owing to the inclusion in column 2,* of commission on execution sales where such sales have been effected by the Nazir or other officer not being a Civil Court Ameen, and the object of the Circular Order being to ascertain the financial results of the employment of Ameens only, the Court are now pleased to prescribe the accompanying forms of Registers to be kept up in all the regular Civil Courts subordinate to the High Court.

* "Receipts on account of the employment of Ameens permanently entertained."

2. The register of receipts, it will be seen, has been so framed as to exclude all moneys not due to the employment of Civil Court Ameens; and the register of disbursements so as to show only salaries paid and excess payments refunded. The first return to be submitted in this form of statement will be for the financial year 1873-74.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

Register of receipts on account of Civil Court Ameens. District of

Date.	Court.	Nature of employment.	Ameen employed.	Time occupied.	Amount.			REMARKS.
1st Jany.	Sub-Judge.	Local investigation, Mouzah Suntoshpore.	Shekh Dilawan.	10 days	50	0	0	20 refunded.
3rd „	Munsiff of Sundip.	Sale of moveables.	R. C. Doss	1 day ...	5	0	0	

Register of expenditure on account of Civil Court Ameens. District of

Date	Nature of expenditure.	Amount.			REMARKS.
2nd Jany. ...	Salary of Dilawan ...	70	0	0	
3rd „ ...	Refund over charge in case of deposited.	15	0	0	

১১ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ১৪ মার্চ।

১৮৭২ সালের ৮ আপ্রিলের ১২ নং সরকুলর অর্ডরমতে ১৮৭২-৭৩ সালের যে রিটর্ণ হাই কোর্টে পাঠান গিয়াছে, দেওয়ানী আদালতের আমীনছাড়া নাজির কি অন্য কার্য্যকারক ডিক্রীজারী ক্রমে নিলাম করিলে সেই নিলামের কমিশ্যনও ঐ রিটর্ণের ২ ঘরে* লেখা যাওয়াতে ঐ রিটর্ণ অশুদ্ধ হইয়াছে। কেবল আমীনদিগকে নিযুক্ত করিলে রাজকীয় ধনসম্পর্কে যে ফল দেখা যায় তাহা নিশ্চয়মতে জানিয়া লওয়া ঐ সরকুলর অর্ডরের উদ্দেশ্য। এই কারণে হাই কোর্টের মান্যবর সাহেবেরা রেজিষ্টর লিখিবার নিম্নলিখিত পাঠ ধার্য্য করিয়াছেন। হাই কোর্টের অধীন সকল নিয়মিত দেওয়ানী আদালতে সেই রেজিষ্টর রাখিতে হইবে।

* যে আমীনেরা স্থায়িরূপে নিযুক্ত হয় তাহাদিগকে কর্ম্ম দেওয়াতে যত টাকার আয় হয়।

২। ঐ রেজিষ্টর দেখিলে জানা যাইবে যে দেওয়ানী আদালতের আমীনকেই কর্ম্ম দেওন প্রযুক্ত টাকা পাওনা না হইলে সেই টাকা আয়ের রেজিষ্টরে না লেখা যায় ও যত টাকা বেতন দেওয়া গেল ও অতিরিক্ত যত টাকা ফিরিয়া দেওয়া গেল কেবল তাহাই ব্যয়ের রেজিষ্টরে লেখা যায় ঐ রেজিষ্টর লিখিবার এমত পাঠ নির্দ্দিষ্ট হইল। রাজস্বসংক্রান্ত ১৮৭৩।৭৪ সাল অবধি এই পাঠানুসারে রিটর্ণ দিতে হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

অমুক জিলা।—দেওয়ানী আদালতের আমীনের বাবৎ যত টাকা আয় হয় তাহার রেজিষ্টর।

তারিখ	আদালত	যে কর্ম্মে নিযুক্ত হয়	আমিনের নাম	যত দিন লাগিল	যত টাকা	মন্তব্য।
১ জানুআরি	সবর্ডিনেট জজ	মোজা সন্তোষপুরে সরেজমীনে তদারক	সেখ দিলাওয়ার	১০ দিন	৫০৲	২০ টাকা ফিরিয়া দেওয়া গেল।
৩ ঐ	সন্দ্বীপের মুন্সেফী	অস্থাবর দ্রব্য নিলাম ..	র চ দাস ...	১ দিন	৫৲	

অমুক জিলা।—দেওয়ানী আদালতের আমীনের বাবৎ ব্যয়ের রেজিষ্টর।

তারিখ	যে প্রকারে খরচ হয়	যত টাকা	মন্তব্য কথা।
২ জানুআরি ...	দিলাওয়ারের বেতন ...	৭০৲	
৩ " ...	এত টাকা গচ্ছিত হওয়াতে খরচের উদ্বর্ত্ত ফিরিয়া দেওয়া গেল	১৫৲	

CIRCULAR MEMO. OF THE HIGH COURT.—CIVIL.

No. 6.

Dated Calcutta, the 4th March 1874.

IN connexion with and in modification of Circular Orders cited on the margin, in so far as they relate to the receipt of travelling allowance from Government by Nazirs or other public officers, the attention of the Civil Courts subordinate to the High Court is drawn to the notification of the Government of India in the Financial Department, No. 929, dated 5th February 1874,* ruling that "no public servant shall draw travelling allowances for a journey taken from his head-quarters to visit any place not more than 5 miles distant therefrom."

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

C. O. No. 30, dated 10th October 1863, paragraph 3.
C. O. No. 26, dated 5th September 1871.
C. O. No. 31, dated 25th September 1867, paragraph 5.
* *Vide Calcutta Gazette* of 11th February 1874, Part I, p. 361.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

TRANSFERS OF MOONSIFFS.

The 17th March 1874.—Baboo Banimadhub Mitter, B.L., Moonsif of Dinagepore, is transferred to Goalundo, in the District of Dacca.

Baboo Dwarka Nath Ghose, Moonsif of Goalundo, in the District of Dacca, is transferred to the Sudder Moonsiffee in the District of Dinagepore.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L.P.

MARCH 1874.

HON'BLE V. H. SCHALCH.

No. 1.

DISTRICT Officers are requested, when submitting, in accordance with Clause 1, Section XII, Chapter XX, page 287 of the Board's Rules, Abstract Statement No. 20, to show in column 2 of Table B., in red ink, the rate per acre of each denomination of soil entered n column 1 of that Table in addition to the rate per beegha.

No. 2.

THE following alteration has been made in Clause 12, Section I, Chapter XXV, page 341, Board's Rules—

After the words "in value" in the sixth line, substitute for the rest of the clause the following sentence—"in which case Collectors should consider the possibility of converting "the securities into a book debt in the Bank of Bengal in accordance with the Notification "of the Government of India, Financial Department, No. 44, dated 10th January 1867, "published at page 39 of the *Gazette of India* for that year."

[*Government Gazette*, 31*st March* 1874.]

হাই কোর্টের স্মরণার্থ দেওয়ানী সরক্যুলর

৬ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ৪ মার্চ।

গবর্ণমেণ্টের স্থানে নাজির দর কি অন্য সরকারী কার্য্যকারকদের পথখরচ পাইবার বিষয়ে যে২ কথা পার্শ্বলিখিত সরক্যুলর অর্ডরে প্রকাশ করা গিয়াছে, তৎসম্পর্কে ও তাহা মতান্তর করিয়া, হাই কোর্টের অধীন সকল দেওয়ানী আদালতের প্রতি ফিনানশাল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭৪ সালের ৫ ফেব্রুআরির ৯২৯ নং জ্ঞাপনপত্রে* মনোযোগ করিতে আদেশ হইতেছে। ঐ জ্ঞাপনপত্রের বিধি এই, সরকারী কোন কার্য্যকারকের সদর স্থানহইতে ৫ মাইলের অনধিক দূর স্থানে যাইতে হইলে তাঁহার পথখরচ লইতে হইবে না।"

১৮৬৩ সালের ১০ অকটোবরের ৩০ নং সরক্যুলর অর্ডরের ৩ দফা।

১৮৭১ সালের ৫ সেপ্টেম্বরের ২১ নং সরক্যুলর অর্ডর।

১৮৬৭ সালের ২৫ সেপ্টেম্বরের ৩১ নং সরক্যুলর অর্ডরের ৫ দফা।

* ১৮৭৪ সালের ১৭ ফেব্রুআরির বাঙ্গলা গেজেটের প্রথম খণ্ডের ৪৩ পৃষ্ঠা দেখ।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,

একটিং রেজিষ্ট্রার।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

মুনসেফদের স্থানান্তরে নিয়োগের কথা।

১৮৭৪ সাল ১৭ মার্চ।—দিনাজপুরের মুনসেফ শ্রীযুত বাবু বেণীমাধব মিত্র, বি, এল, ঢাকা জিলার অন্তর্গত গোয়ালন্দে প্রেরিত হইয়াছেন।

ঢাকা জিলার অন্তর্গত গোয়ালন্দের মুনসেফ শ্রীযুত বাবু দ্বারকানাথ ঘোষ দিনাজপুর জিলার সদর মুনসেফীতে প্রেরিত হইয়াছেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,

একটিং রেজিষ্ট্রার।

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭৪ সাল মার্চ মাস।

মান্যবর এচ, বি, শক সাহেব।

১ নম্বর।

জিলার কর্ত্তৃপক্ষদের প্রতি এই আদেশ হইতেছে। তাঁহারা বোর্ডের বিধিপুস্তকের ৪৪৪ পৃষ্ঠার ২০ অধ্যায়ের ১২ পরিচ্ছেদের ১ ধারামতে ২০ নং চুম্বক কৈফিয়ৎ পাঠাইবার সময়ে, B টেবিলের ১ ঘরে যে২ প্রকারের জমীর কথা লেখেন, ঐ টেবিলের ২ ঘরে যেমন বিঘা প্রতি ঐ২ প্রকারের জমীর খাজানার হার লিখিয়া থাকেন তেমনি লাল সেহাই দিয়া একর প্রতিও ঐ খাজানার হার লিখিবেন।

২ নম্বর।

বে ডে বিধিপুস্তকের ৫২৯ পৃষ্ঠায় (১৮৭০ সালের ৪ অকটোবরের বাঙ্গলা গেজেটের ১৪৪১ পৃষ্ঠায়) ২৫ অধ্যায়ের ১ পরিচ্ছেদের ১২ ধারার এইরূপ পরিবর্ত্তন হইয়াছে।

ঐ ধারার অষ্টম পঙ্ক্তির "অধিক মূল্য হইলে" এই কথার পর যে২ কথা আছে তাহা উঠাইয়া এই২ কথা দিতে হইবে, "ফিনানশ্যাল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৭ সালের ১০ জানুআরির ৪৪ নম্বরের যে জ্ঞাপনপত্র ঐ বৎসরের ইণ্ডিয়া গেজেটের ৩৯ পৃষ্ঠায় প্রকাশ করা যায় সেই পত্রানুসারে ঐ কোম্পানির কাগজ বাঙ্গাল ব্যাঙ্কের (Book Debt) খাতাবহীর ঋণ বলিয়া লেখা যাইতে পারে কিনা, কালেকটর সাহেবদের ইহা বিবেচনা করা উচিত।"

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৩১ মার্চ।]

No. 3.

CLAUSE 4, Section VIII, Chapter XX, page 282 of the Board's Rules, having been, cancelled by paragraph 8 of the revised orders No. 36A., dated 17th January 1874, circulated with letter No 71A., dated 6th February last, the words in the latter part of Circular Order No. 3 of May 1872, as noted on the margin, should be expunged.

"and that arrangements for its payment at future settlements should continue to be effected, at any rate, until the Road Cess Act is in full operation."

No. 4.

IT has been brought to the notice of the Member in charge that in many cases the provisions of the law in regard to the institution and defence of suits on behalf of estates under the superintendence of the Courts of Wards are not observed with sufficient care. Mr. Schalch therefore desires to draw the particular attention of District Officers to Part X of Act IV (B.C.) 1870.

Section 12 of that Act requires that every suit (except suits in the High Court), brought on behalf of a ward, shall be authorised by some order of the Court in charge of such ward. An injunction to this effect is reiterated in Clause 13, Section I, Chapter XXV (page 341) of the Board's Rules. A copy of the order should invariably be sent with the draft plaint to the Legal Remembrancer.

Again, under Section 69 of the Act, the ward must (except in suits before the High Court) sue or be sued in his own name describing himself, or being described, as a ward of Court; and, as a rule, the manager must be named as next friend. Accordingly, the following form should be adopted in plaints on behalf of a ward of Court—

"A. B., ward of the Court of Wards,
"inhabitant of , by C. D.,
"inhabitant of , manager of
"the estate of the said ward of Court, sues E. F., &c."

Similarly, in cases where the ward is defendant, the answer should be in the following form :—

"A. B., inhabitant of
"sues C. D., inhabitant of
"ward of the Court of Wards,
"of whom E. F., inhabitant of
"the manager of the estate of the said ward, is next friend" or "guardian."

A. MONEY, ESQ., C.B.

No. 5.

THE following orders of the Government of India, in the Financial Department, No. 661, dated 29th January 1874, are published for information and guidance by order of the Lieutenant-Governor of Bengal :—

"The Governor-General in Council is pleased to allow the several Local Governments "and Administrations to authorise, whenever they think necessary, District Officers to charge "in the accounts the value of the service postage stamps purchased by them, in the fixed "proportion of theree-fourths to the Revenue, and one-fourth to the Judicial, Departments. "Whenever the cost of an establishment is divided between two heads, the charge for "service postage labels may be divided in the same proportion, care being taken to secure "every possible economy."

[*Government Gazette*, 31*st March* 1874.]

৩ নম্বর।

১৮৭৪ সালের ১৭ জানুআরির ৩৬A নম্বরের যে সংশোধিত আজ্ঞা গত ফেব্রুআরি মাসের ৬ তারিখের ৭১A নং পত্রের সঙ্গে২ প্রকাশ করা যায় তাহার ৮ দফাক্রমে বোর্ডের বিধিপুস্তকের ৪৩৬ পৃষ্ঠায় ২০ অধ্যায়ের ৮ পরিচ্ছেদের ৪ ধারা রহিত করা গিয়াছে। এই কারণে ১৮৭২ সালের মে মাসের ৩ নং সরক্যুলর অর্ডরের শেষ ভাগে পার্শ্ব লিখিত যে কথা আছে তাহাও উঠাইয়া দিতে হইবে।

"ইহার পরও বন্দোবস্ত করণের সময়ে সেই টাকা লইবার বিধান করিতে হইবে, ন্যূনকল্পে পথকর বিষয়ক আইন যত কাল সম্পূর্ণরূপে প্রচলিত না হয় তত কাল তাহা লওয়া যাইবে।"

---

৪ নম্বর।

কোর্ট ওয়র্ডসের তত্ত্বাধীনে যে২ মহাল থাকে তৎসম্পর্কীয় মোকদ্দমা উপস্থিত করণ ও সেই মোকদ্দমার প্রতিবাদ করণ বিষয়ে আইনে যে২ বিধান আছে, অনেক স্থলে সেই২ বিধানের প্রতি উপযুক্তরূপে মনোযোগ করিয়া কার্য্য হইয়া থাকে না। ঐ বিষয়ের অধ্যক্ষ মানাবর শ্রীযুত শক সাহেব ইহা জানিতে পাইয়া জিলার কর্ত্তৃপক্ষদিগকে ১৮৭০ সালের ২ঙ্গীয় ৪ আইনের ১০ অধ্যায়ের প্রতি বিশেষমতে মনোযোগ করিতে আদেশ করিতেছেন।

Doubts having been several times expressed as to whether the minimum fee of Rs. 5, prescribed by Circular Order No. 19, dated 6th August 1873, was intended to be refunded in the event of no sale taking place, the Court has ruled that the fee was not to be refunded. It will be seen, however, that the case now comes under distinct provisions contained in the rule published in the *Calcutta Gazette* of 25th February 1874.

By order of the High Court,
H. J. S. COTTON,
Offg. Registrar.

No. 1296, dated Calcutta, the 8th May 1874.

From—H. J. S. COTTON, ESQ., Offg. Registrar of the High Court of Judicature at Fort William in Bengal,

To—The Judge of Mymensingh.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

I am directed to acknowledge the receipt of your letter No. 96, dated 9th April 1874, on the subject of the fees which should be levied for the employment of Civil Court Ameens on local investigations in a number of analogous cases, and to communicate in reply the following orders and observations of the Court.

[*Government Gazette, 9th June* 1874.]

১২৫১ নম্বর।

দিনাজপুরের জজ সাহেবের নামে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের একটিং রেজিষ্ট্রার শ্রীযুত এচ জে এস কটন সাহেবের পত্র।—কলিকাতা, ১৮৭৪ সাল ৫ মে।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

তুমি ১৮৭৪ সালের ১৬ আপ্রিলের ১৫২ নম্বরের ও এই মাসের ১০ তারিখের ১৪৪ নম্বরের যে পত্র লিখিয়াছ তাহা হাই কোর্টের সম্মুখে অর্পণ করিলে, A চিহ্নিত ত্রৈমাসিক কৈফিয়তে "নিষ্পত্তি করা মোকদ্দমার" যে২ ঘরে "বিচারার্থে উপস্থিত" ও "অন্য২ প্রকারের" মোকদ্দমার কথা লিখিতে হইবে, তদ্বিষয়ে তোমার নিকট এই উপদেশ পত্র পাঠাইতে আজ্ঞা পাইলম।

২। তোমার যে পত্রের উত্তর লেখা যাইতেছে তাহার ১ দফায় যে দুই প্রকারের মোকদ্দমার উল্লেখ করিয়াছ "বিচারার্থে উপস্থিত" মোকদ্দমার ঘরে কেবল সেই দুই প্রকারের মোকদ্দমা লিখিতে হইবে, অর্থাৎ (১) যে মোকদ্দমার প্রতিবাদ হয় ও (২) ১১১ ও ১১৪ ধারামতে যে মোকদ্দমার একতরফা নিষ্পত্তি হয়। উভয় পক্ষের বাদ প্রতিবাদ না হইলে বিচার করিবার বিষয় থাকে না। দাওয়া স্বীকার হইলে কিম্বা রফানামা করা গেলেও তদ্রূপ অতএব শেষোক্ত যে দুই প্রকারের মোকদ্দমার উল্লেখ করিয়াছ অর্থাৎ (৩) আসামী ফরিয়াদীর দাওয়া স্বীকার করিলে ও (৪) দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৯৮ ধারামতে রফানামা হইলে সেই২ মোকদ্দমা "বিচারার্থে উপস্থিত" মোকদ্দমার মধ্যে ধরা উচিত নয়।

৩। আমার আরও এই কথা লিখিতে হইল, কোন মোকদ্দমায় আসামীকে সমন করিবার পূর্ব্বে বিচারাধিপত্যের অভাব কিম্বা অন্য কোন দোষ প্রকাশ হইলে যদি দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২৯, ৩১, ৩২ ধারামতে নালিশের আরজী অগ্রাহ্য হইয়া থাকে তবে "বিচারার্থে উপস্থিত" মোকদ্দমার কিম্বা "অন্য প্রকারের" মোকদ্দমার ঘরে সেই মোকদ্দমা ধরিতে হইবে না বলিয়া অধীন আদালত সকলকে আদেশ করাই তোমার উচিত কর্ম্ম। কিন্তু আদালতের ৮ নং কৈফিয়তে লিখিবার নিমিত্ত ঐ প্রকারের মোকদ্দমার এক খানি নোট রাখিতে হইবে, ইহাতে যে কিঞ্চিৎ বৈষম্য প্রকাশ হইবে মন্তব্য কথার ঘরে নোট লিখিয়া তাহার কারণ বুঝাইয়া দেওয়া যাইতে পারিবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

১০ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ৫ মে।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

পূর্ব্বোক্ত পত্রের নকল ও অতিরিক্ত কএক খানী নকল রীতিমতে সকল জিলার জজ সাহেবদের জ্ঞান ও উপদেশার্থে পাঠান গেল।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

---

১১ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ৬ মে।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

১৮৭৩ সালের ৬ আগষ্টের ১৯ নং সরক্যুলর অর্ডরে ৫ টাকার কম যে ফী না লইবার বিধান হইয়াছিল, সম্পত্তির নীলাম না হইলে সেই ফী ফিরিয়া দিবার অভিপ্রায় ছিল কি না, এই বিষয়ে বারম্বার সন্দেহ প্রকাশ হওয়াতে হাই কোর্টের সাহেবেরা ঐ ফী ফিরিয়া দিতে না হইবার বিধান করিয়াছেন। কিন্তু ১৮৭৪ সালের ২৫ ফেব্রুআরির কলিকাতা গেজেটে যে বিধি প্রকাশ করা গিয়াছে তন্মধ্যে এইক্ষণে সেই বিষয়ের স্পষ্ট বিধান হইল।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

২১৯৬ নম্বর।

ময়মনসিংহের জজ সাহেবের নামে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের একটিং রেজিষ্ট্রার শ্রীযুত এচ জে এস কটন সাহেবের পত্র।—কলিকাতা, ১৮৭৪ সাল ৮ মে।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

একি প্রকারের অনেক মোকদ্দমায় সারজমীনে গিয়া অনুসন্ধান লইবার নিমিত্ত দেওয়ানী আদালতের যে আমীনেরা নিযুক্ত হন তাঁহারদের জন্যে যত টাকা ফী আদায় করিতে হইবে এই বিষয়ে ১৮৭৪ সালের ৯ আপ্রিলের ৯৬নম্বরের যে পত্র লিখিয়াছ তাহা পাওয়া গিয়াছে, ও তাহার উত্তরস্বরূপ হাই কোর্টের নিম্নলিখিত আজ্ঞা ও মন্তব্য কথা লিখিতে আদেশ পাইলাম।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৯ জুন।]

2. The particular case which has been brought before the notice of the Court is of a most unsatisfactory nature. It seems that a zemindar commenced at once 23 suits for enhancement against different ryots in the same mouzah (apparently), and a local enquiry was thought necessary to ascertain the proper rates and the quantity of land held by each ryot. All the holdings being in one place, this was a single enquiry; it occupied 13 days in the whole, and the plaintiff was required to pay 13 days' fee at Rs. 3 per day, or Rs. 39 in each of the 23 cases. This sum accordingly appears in the schedule of costs in each of the suits, and in consequence the amount of costs in 13 out of the 23 suits exceeds the whole demand; the costs in one case (No. 530) amounting indeed to Rs. 46-10-2, while the demand was only Re. 1-10-8.

3. It is not clear, but it may be gathered that the suits were dismissed. If, however, the plaintiff had got a decree, each cultivating ryot would manifestly have had to pay these enormous costs upon a petty increase of a rupee or two possibly upon his rent.

4. To affirm, as is argued in your letter, that the Sudder Court's Circular No. 24 of the 6th November 1857 requires the imposition of such a charge appears to the Court to be an unreasonable construction. Looking at the whole context, the Court are of opinion that the words "in each case," in Section 15, ought to be interpreted as meaning not in each suit but in the case of each enquiry.

5. The Court are, however, now pleased to lay it down expressly that where the circumstances of several suits are such that they can conveniently be disposed of in one enquiry, the expenses shall equally be divided among the several suits. There is no reason why the first suits should pay Rs. 3 and the others Re. 1 each, as you propose, for it is a matter of chance which is first, and the Court are not inclined to think that any attempt should be made to divide the cost rateably. Under the new Court Fee Rules, however (Rules under Clause I, Section 20 of Act VII of 1870, Parts II and III, Article 2), a fee for the Commission must be levied in each case.

6. In conclusion, I am to say that the Court do not desire that any censure should be conveyed to the Moonsif who tried the cases referred in this letter, as he is a young officer, and his practice is borne out by the practice of the district and probably by that of other districts. You are requested to watch henceforth the procedure of all your subordinates and see that the rules laid down by the Court are strictly carried out.

By order of the High Court,
H. J. S. COTTON,
Offg. Registrar.

Circular Memo. No. 12.

Dated Calcutta, the 8th May 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

Copy (with the usual number of spare copies) forwarded to all District Judges for information and guidance.

By order of the High Court,
H. J. S. COTTON,
Offg. Registrar.

Circular Memo. No. 13.

Dated Calcutta, the 13th May 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

The attention of all District Judges is drawn to the Circular Order No. 16, dated 17th June 1870, directing that applications for forms required by Judges should be made to the Superintendent of Stationery, who has received instructions to supply only such forms as have been approved by the High Court.

2. The issue of this Circular is rendered necessary because, in some districts it is found that Judges continue to make use of their own forms without the sanction of the Court.

By order of the High Court,
H. J. S. COTTON,
Offg. Registrar.

[*Government Gazette, 9th June* 1874.]

২। হাই কোর্টের জ্ঞানার্থে যে বিষয় উপস্থিত করা গিয়াছে তাহা অত্যন্ত অসন্তোষ জনক। তাহাতে দৃষ্ট হইল যে কোন জমীদার (বোধ হয়) একি মৌজার নানা প্রজাদের নামে খাজানা বৃদ্ধি করণার্থ ২৩ টি মোকদ্দমা একিকালে উপস্থিত করিলেন। ও খাজানার উপযুক্ত হার নিরূপণ করিবার নিমিত্ত ও প্রত্যেক জন রায়তের দখলে কত জমী আছে ইহা জানিবার নিমিত্ত তৎস্থানেই গিয়া অনুসন্ধান লওয়া আবশ্যক বোধ হইল। সকল যোত একি স্থানে থাকাতে অনুসন্ধানের একি-মাত্র কার্য্য হইল। ঐ কার্য্যে সর্ব্বসুদ্ধ ১৩ দিন লাগিল ও দিন প্রতি ৩৲ টাকা করিয়া ফরিয়াদীর ১৩ দিনের ফী অর্থাৎ ২৩টি মোকদ্দমার প্রত্যেক মোকদ্দমায় ৩৯ টাকা দিবার আজ্ঞা হইল। প্রত্যেক মোকদ্দমার খরচের তফসীলেও সেই টাকা লেখা গিয়াছে, ইহাতে ২৩ মোকদ্দমার মধ্যে ১৩টি মোকদ্দমায় যত টাকার দাবী ছিল খরচা তাহার অধিক হইয়া উঠিল, বিশেষতঃ ৫৩০ নম্বরের একি মোকদ্দমায় ১।৵৮ টাকার দাওয়া হইয়া খরচা ৪৬।৵২ টাকা হইল।

৩। মোকদ্দমা সকল যে ডিসমিস হইল ইহা স্পষ্ট দেখা যায় না কিন্তু এমত অনুভব হইতে পারে। যদি ফরিয়াদীর পক্ষে ডিক্রী হইত, তবে কৃষিকারি প্রত্যেক জন প্রজার খাজানা ২। ১ টাকা পর্য্যন্ত বাড়াইবার মোকদ্দমায় তাহাদের সেই গুরুতর খরচ দিতে হইত।

৪। সদর আদালতের ১৮৫৭ সালের ৬ নবেম্বরের ২৪ নং সরক্যুলর অর্ডরে সেই খরচ ধার্য্য করিবার আজ্ঞা হইল, এই কথা কহিয়া তুমি ঐ সরক্যুলরের যে অর্থ করিয়াছ হাই কোর্টের সাহেবেরা তাহা অসম্ভব জ্ঞান করিয়াছেন। ১৫ ধারায় "এক২ কর্ম্মের" যে কথা লেখা আছে পূর্ব্বাপর কথা বিবেচনায় তদ্দ্বারা "এক২ মোকদ্দমা" বুঝা যাইতে পারে না, কিন্তু অনুসন্ধান লওয়ার এক২ কর্ম্ম বুঝায়, হাই কোর্টের সাহেবদের এই বিবেচনা।

৫। কিন্তু হাই কোর্টের সাহেবেরা এইক্ষণে এই স্পষ্ট বিধান করিতেছেন, নানা মোকদ্দমার ভাবগতিক বিবেচনায় যদি একি অনুসন্ধানের কার্য্য দ্বারা তাহা সুবিধামতে নিষ্পত্তি হইতে পারে তবে নানা মোকদ্দমার মধ্যে ঐ খরচা সমান২ ভাগ করিয়া লইতে হইবে। প্রথম মোকদ্দমার ৩৲ টাকা দিবে অন্য সকল মোকদ্দমার ১৲ টাকা করিয়া দিবে, তোমার এই যে প্রস্তাব হইয়াছে তাহার কোন কারণ নাই, কেননা প্রথমে কোন্ বিষয়ের তদারক হইবে ইহার নিশ্চয় নাই ও অংশাংশমতে খরচার বিভাগ করিবার চেষ্টা করা হাইকোর্টের সাহেবদের বিবেচনায় উচিত নয়। কিন্তু আদালতের রসুমবিষয়ক নূতন বিধিমতে (১৮৭০ সালের ৭ আইনের ২০ ধারার ১ প্রকরণমতে বিধির ২ ও ৩ অধ্যায়ের ২ প্রকরণ) প্রত্যেক কার্য্যের নিমিত্তে আমীনের ফী আদায় করিতে হইবে।

৬। উপসংহার স্থলে আমার বক্তব্য এই। যে মুনসেফ তোমার পত্রের উল্লিখিত মোকদ্দমার বিচার করিলেন তাঁহার প্রতি কোন প্রকারের অনুযোগ হয় হাই কোর্টের সাহেবদের এমন ইচ্ছা নয়, কারণ অল্পকাল কর্ম্ম করিতেছেন, ও তিনি যেরূপে কার্য্য করিলেন জিলার মধ্যেও সেই রূপে কার্য্য হইয়া থাকে অন্যান্য জিলায়ও হইয়া থাকিবে। এই অবধি তুমি আপন অধীন কর্ম্ম-কারকদের কার্য্যপ্রণালীর প্রতি দৃষ্টি রাখিয়া হাই কোর্টের বিধি অতি আঁটা আঁটিরূপে প্রচলিত হয় এই বিষয় দেখিতে তোমার প্রতি আদেশ হইল।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

---

১২ নম্বর।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

উক্ত পত্রের নকল ও অতিরিক্ত কএক খানী নকল রীতিমতে সকল জিলার জজ সহবদের জ্ঞান ও উপদেশার্থে পাঠান গেল।

এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

---

১৩ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ১৩ মে।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

১৮৭০ সালের ১৭ জুনের ১৬ নং সরক্যুলর অর্ডরের প্রতি সকল জিলার সাহেবদের মনোযোগ করিতে আদেশ হইল। তাহাতে এই আজ্ঞা হইল যে, জজ সাহেব দের কোন ফারমের প্রয়োজন হইলে তাঁহারা ষ্টেশনরির সুপারি-ণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট চাহিয়া লইবেন। হাই কোর্টের সাহেবেরা যে প্রকারের ফারম অনুমোদন করেন তাঁহার প্রতি কেবল সেই প্রকারের ফারম দিবার আদেশ করা গেল।

২। কোন২ জিলায় জজ সাহেবেরা হাই কোর্টের অনুমতি না পাইয়াও আপন২ ফারমের ব্যবহার করিয়া থাকেন, এই কারণে এই সরক্যুলর লেখা আবশ্যক হইল।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার
JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৭৪। ৯ জুন।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 16, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ১৬ জুন।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

NOTIFICATION.

LEAVE OF ABSENCE.

The 5th June 1874.—Baboo Baney Madhub Ghosh, Moonsif of Seebgunge, in the district of Dinagepore, is allowed three months' medical leave, under Section 3, Supplement F of the Civil Leave Code, in substitution of the one month's privilege leave already granted to him under the Court's orders, No. 1261, dated the 6th May 1874.

By order of the High Court,

H. J. S. COTTON, *Offg. Registrar.*

CIRCULAR ORDERS AND MEMOS. BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

Circular Order No. 13.

Dated Calcutta, the 12th May 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

Questions having been raised in connection with the Court Fees' Rules, published in the *Calcutta Gazette* of the 25th February 1874, the Court are pleased to direct the issue of the following instructions in explanation of the effect of the rules:—

I.—Rules under Clause 1, *Section* 20, *Act VII of* 1870, *declaring the fees chargeable for serving and executing processes in the Civil Courts.*

(1.) The summons and supbœna to defendants (or respondents) and witnesses, on the issue of which a fee is provided by Article 1, Parts II and III, are those contemplated by Sections 48, 345, and 149 of the Code of Civil Procedure. They may in either case, therefore, by law contain the names of more than one defendant or witness, and the rules do not at present authorize the imposition of a separate fee on the respective copies prescribed by law to be served on the several persons named therein. If such fee be found necessary, the rule will be reconsidered.

(2.) This explanation does not apply to warrants to bring parties or witnesses before the Court, not being execution processes. In such cases a separate warrant will be issued against each person to be arrested, and a separate fee under Article 1, Parts II and III, as for an "order not elsewhere specified in the Table of Fees," is to be charged for every such process.

(3.) The processes provided for in Article 5, Parts II and III, are exclusively processes directed against a defendant after judgment and in course of execution of a decree.

(4.) Article 2, Parts II and III, which prescribes the fees leviable in respect of a commission and of the remuneration of the Commissioner, does not affect the rules laid down in Circular Order No. 10, dated 31st May 1873, except in so far as the rules direct the charge of a fee on every commission. Clause *a* applies to all commissions. Clause *b* only applies to the cases in which an officer of the Court specially appointed and paid by Government is employed. The charge for the services of such an officer is properly a Court fee payable to Government, which is therefore to be paid in stamps; and to such fees alone the rules apply. But when the Commissioner is a person not receiving pay from Government in respect of his employment as a Commissioner, the rules of remuneration prescribed by Circular Order No. 10, above referred to, apply, and the Commissioner will be paid in cash.

[*Government Gazette, 16th June* 1874.]

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

ছুটী।

১৮৭৪ সাল ৫ জুন।—দিনাজপুর জিলার অন্তর্গত শিবগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু বেণীমাধব ঘোষ, হাই কোর্টের ১৮৭৪ সালের মে মাসের ৬ তারিখের ১২৬১ নং আজ্ঞামতে যে এক মাস অনুগ্রহের ছুটী পান তৎপরিবর্ত্তে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে পীড়াপ্রযুক্ত তিন মাস ছুটী পাইয়াছেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের দেওয়ানী সরক্যুলর।

১৩ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ১২ মে।

আদালতের রসুমবিষয়ক

হাই কোর্ট,
ইংরেজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

যে বিধি ১৮৭৪ সালের ১৭ মার্চের বাঙ্গলা গেজেটে প্রকাশ করা যায় তৎসম্পর্কে সন্দেহযুক্ত কএক কথা উত্থাপিত হওয়াতে হাই কোর্টের সাহেবেরা ঐ বিধির তাৎপর্য্য বিষয়ক নিম্নলিখিত উপদেশপত্র প্রচার করিবার আজ্ঞা দিয়াছেন।

১।—দেওয়ানী আদালতের পরওয়ানা বাহির করিয়া জারী করিবার নিমিত্ত যত টাকা রসুম লাগিবে, ১৮৭০ সালের ৭ আইনের ২০ ধারার ১ প্রকরণমতে তাহার বিধি।

(১) আসামীদের (কি রিস্পাণ্ডেণ্টদের) ও সাক্ষিদের নামে যে সমন ও সফীনা বাহির হইলে ২ ও ৩ পরিচ্ছেদের ১ প্রকরণমতে রসুম লাগে, তাহা দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬৮ ও ৩৪৫ ও ১৪৯ ধারার উল্লিখিত সমন ও সফীনা। অতএব সমন হইলে কি সফীনা হইলেও আইনমতে তাহার মধ্যে একের অধিক জন আসামীর কি সাক্ষির নাম লেখা যাইতে পারে, তাহার মধ্যে যে২ ব্যক্তিদের নাম লেখা থাকে আইনমতে তাহারদের এক২ জনকে ঐ সমনের কি সফীনার স্বতন্ত্র এক কেতা নকল দিতে হইলেও বিধিতে প্রত্যেক কেতার উপর স্বতন্ত্র ফী লইবার আদেশ হয় নাই, আবশ্যক হইলে ঐ বিধির পুনর্ব্বিবেচনা হইতে পারিবে।

(২) ডিক্রীজারীর পরওয়ানা ছাড়া অন্যতর পক্ষকে কি সাক্ষিদিগকে আদালতের সম্মুখে আনাইবার যে পরওয়ানা দেওয়া যায়, তাহার প্রতি এই ব্যাখ্যার কথা লাগে না। তদ্রূপ স্থলে যে২ ব্যক্তিকে ধরিয়া আনিতে হইবে তাহাদের প্রত্যেক জনের নামে স্বতন্ত্র পরওয়ানা জারী হইবে, এবং "রসুমবিষয়ক ফর্দ্দের অন্য স্থানে যে আজ্ঞা নির্দ্দিষ্ট হয় নাই" উক্ত প্রত্যেক পরওয়ানা তাহার মধ্যে ধরিয়া ২ ও ৩ পরিচ্ছেদের ১ প্রকরণমতে প্রত্যেকের উপর স্বতন্ত্র রসুম লাগিবে।

(৩) ডিক্রীর পর ও ডিক্রী জারী করণক্রমে আসামীর নামে যে পরওয়ানা দেওয়া যায়, ২ ও ৩ পরিচ্ছেদের ৫ প্রকরণে কেবল সেই প্রকারের পরওয়ানার উল্লেখ হইয়াছে।

(৪) কমিশ্যন হইলে যে রসুম লওয়া যাইতে পারিবে, ২ ও ৩ পরিচ্ছেদের ২ প্রকরণে তাহার, ও আমীনের মেহনতানার বিধান হইয়াছে, এবং ১৮৭৩ সালের ৩১ মের ১০ নং সরক্যুলর অর্ডরের নির্দ্দিষ্ট বিধিতে প্রত্যেক কমিশ্যনের উপর রসুম লইতে হইবে এই বিধি ছাড়া, উক্ত ২ প্রকরণে উক্ত কোন বিধির ব্যতিক্রম হয় নাই। ক প্রকরণের কথা কমিশ্যনমাত্রের প্রতি খাটে। যেস্থলে আদালতের আমলা বিশেষমতে নিযুক্ত হইয়া গবর্ণমেণ্টের স্থানে মেহনতানা পান, খ প্রকরণ কেবল সেই স্থলে খাটে। তদ্রূপ আমলার কর্ম্মের নিমিত্ত যে টাকা লওয়া যায় তাহা যথার্থই আদালতের রসুম, ও গবর্ণমেণ্টের পাওনা হওয়াতে ইষ্টাম্প দ্বারা দেওয়া উচিত। ঐ বিধি কেবল সেই প্রকারের রসুমের প্রতি খাটে। কিন্তু অমীন সেই আমীনী পদে নিযুক্ত হওনের উপলক্ষে গবর্ণমেণ্টের স্থানে মেহনতানা না পাইলে, পূর্ব্বোক্ত ১০ নং সরক্যুলর অর্ডরে মেহনতানার যে বিধি নির্দ্ধারিত হইয়াছে তাহাই খাটে, ও আমীনের মেহনতানা নগদ দেওয়া যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১৩ জুন।]

(5.) If the services of peons are required to serve any process which an Ameen or Commissioner is authorized to issue, a fee will be charged under the appropriate heading in the rules. The employment of peons as personal attendants on the Commissioner was not contemplated and is not authorized.

(6.) The amount of fee, when an officer is deputed to put a party in possession under a decree, is to be determined, according to circumstances, either under Article 1 or Article 2 at the discretion of the Court. If the delivery of possession is merely a formal act, and a peon can be employed, the fee as for an order would be charged under Article 1; but if the transaction is more complicated (as involving enquiry or the making of an inventory, or the like), a commission to a superior officer would more properly issue and a fee would be chargeable accordingly.

(7.) In the event of an excess deposit for a commission, or of a compromise rendering it unnecessary to execute the commission at all, the parties will be entitled to a refund in cash of the excess, or, as the case may be, of the whole of the fees deposited under Clause *b*, but not of the fee under Clause *a* in any case. The Accountant-General will issue separate instructions as to the form of voucher that will be necessary to obtain such refunds.

(8.) Article 3, Parts II and III, prescribes the fee leviable on every process of attachment of property by notice or proclamation. One fee only is chargeable under this article for each process irrespective of the number of items of property therein contained. Where copies have to be issued, no separate charge can be made under the rules as they stand.

(9.) The rules laid down in the note to Article 4, Parts II and III, must be followed. Refunds, where properly claimable under this note, will be made in such mode as may hereafter be settled in communication with the Accountant-General.

(10.) As there are no stamps of less denomination than one anna, fractions of an anna are to be abandoned under the rules.

(11.) The heading of the rules shows that they have no application to Revenue Officers acting otherwise than in a judicial capacity, or, in other words, than when they act as Revenue Courts.

(12.) The following Circular Orders are hereby declared cancelled or modified:—Circular Order No. 31, dated 25th September 1867 is cancelled, except paragraph 5 which will continue in force and for convenience of reference is reproduced in the margin. Circular Order No. 20, dated 25th June 1872, is wholly cancelled, as it is superseded by Rule III of the new rules. Paragraph 2 of the Circular Order No. 10, dated 31st May 1873, is in so far affected by the rules that a fee is now to be charged under Clause *a*, Article 2, Parts II and III, upon every commission. Circular Order No. 17, dated 2nd August 1873, is superseded by Rule III, so far as refers to the affixing of stamps to the process. In cases where application is made for the issue of process beyond the jurisdiction of the Court, the application will bear the proper stamp, and an endorsement will be made on the process to the effect that the proper stamps have been affixed to the application. Circular Order No. 19, dated 6th August 1873, is superseded by Article 6, Parts II and III of the rules, and is wholly cancelled.

In addition to [other] fees, the actual charge which must be incurred if it is necessary to employ boats or cross-ferries is to be levied from and paid by the person at whose instance the process is issued, before issue of the process to the peon who carries the process.

II.—Rules under Clause 2, Section 20 of the Court Fees' Act, declaring the fees chargeable in the Courts of Magistrates.

(13.) Rule I, Clauses 1 and 2, prescribes the fees leviable upon warrants of arrest and summonses. The process is one, whether one or more persons be named therein and whether such persons reside in one place or not, but an additional fee of 4 annas is chargeable in respect of every person exceeding one named in a warrant, and an additional fee of 4 annas is chargeable in respect of every additional person, not being the second person of more than two residing in the same village, named in a summons. Thus, if the summons include

(৫) আমীন যে প্রকারের পরওয়ানা বাহির করিতে ক্ষমতাপন্ন হন, তাহা জারী করিবার জন্যে পেয়াদার প্রয়োজন হইলে, বিধিতে উপযুক্ত যে দফা আছে সেই দফামতে রসুম লওয়া যাইবে। পেয়াদা আমীনের ভৃত্যস্বরূপ যে যাইবে এমত অভিপ্রায় ছিল না, তাহার অনুমতিও নাই।

(৬) ডিক্রীমতে এক পক্ষকে দখল দেওনের নিমিত্ত আমীন পাঠাইবার প্রয়োজন হইলে, তাহার কত টাকা রসুম দিতে হইবে ভাবগতিক অনুসারে তাহা আদালতের বিবেচনায় ১ কিম্বা ২ প্রকরণমতে স্থির করা যাইবে। সেই দখল দেওয়া কেবল দাঁড়ামত কর্ম্ম হইলে ও পেয়াদাকে নিযুক্ত করা যাইতে পারিলে, ঐ রসুম আজ্ঞার নিমিত্ত রসুমের ন্যায় ১ প্রকরণমতে লওয়া যাইবে। কিন্তু অনুসন্ধান লওয়ার কিম্বা তালিকা প্রস্তুত করণ প্রভৃতির আবশ্যক হওয়াতে সেই ব্যাপারটি জটিল হইলে, উপরিস্থ কোন আমলাকে নিযুক্ত করা উচিত ও তদনুসারে রসুম লওয়া যাইবে।

(৭) কমিশ্যনের নিমিত্ত যে টাকা দেওয়া যায় তাহা অতিরিক্ত হইলে, কিম্বা রফানামা হওয়াতে কমিশ্যন দেওয়াই অনাবশ্যক হইলে, খ প্রকরণমতে যে রসুম আমানত হইল, উক্ত ব্যক্তিরা সেই রসুমের অতিরিক্ত অংশ কিম্বা বিষয়বিশেষে সমুদয় রসুম ফিরিয়া পাইতে পারেন, কিন্তু ক প্রকরণমতে যাহা আমানৎ করেন তাহা কোন স্থলেই ফিরিয়া পাইতে পারিবেন না। ঐ টাকা ফিরিয়া পাইবার জন্যে যে প্রকারের বৌচর লিখিয়া দেওয়া আবশ্যক, আকৌণ্টেণ্ট জেনরল সাহেব তদ্বিষয়ের স্বতন্ত্র উপদেশপত্র পাঠাইবেন।

(৮) নোটিস কি ঘোষনাপত্র দ্বারা সম্পত্তি ক্রোক করিবার যে পরওয়ানা দেওয়া যায়, ২ ও ৩ পরিচ্ছেদের ৩ প্রকরণে তাহার রসুম আদায় করিবার বিধান হইল। পরওয়ানার মধ্যে সম্পত্তির যত দফা লেখা থাকুক, এই প্রকরণমতে এক২ পরওয়ানার কেবল একবার রসুম লওয়া যাইতে পারিবে। পরওয়ানার নকল জারী করিতে হইলে এইক্ষণকার বিধিমতে তাহার স্বতন্ত্র খরচ লাগিবে না।

(৯) ২ ও ৩ পরিচ্ছেদের ৪ প্রকরণের নীচে যে মন্তব্য কথা লেখা হইয়াছে, তাহার নির্দ্দিষ্টবিধি মানিতে হইবে। ঐ কথা অনুসারে টাকা ফিরিয়া পাইবার দাওয়া থাকিলে, আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের সঙ্গে লিখনপঠন করিয়া সেই টাকা ফিরিয়া দিবার নিয়ম পশ্চাৎ স্থির করা যাইবে।

(১০) এক আনার কম মূল্যের ইষ্টাম্প নাই, অতএব এক আনার কম যাহা হয় তাহা বিধিমতে ত্যাগ করিতে হইবে।

(১১) বিধির শিরোলিপি দেখিলে জানা যাইবে যে রাজস্ব সংক্রান্ত কার্য্যকারকেরা বিচারপতিস্বরূপ কর্ম্ম না করিয়া অন্য প্রকারে কর্ম্ম করিলে বিধি খাটে না, অর্থাৎ কেবল মাল আদালতস্বরূপ কর্ম্ম করিলে বিধি খাটে।

(১২) নিম্নলিখিত সকল সরকুল্যর অর্ডর এতৎক্রমে রহিত কি মতান্তরিত হইল।—১৮৬৭ সালের ২৫ সেপ্টেম্বরের ৩১ নং সরকুলার অর্ডরের ৫ দফা ছাড়া ঐ সরক্যুলর অর্ডর। কিন্তু ৫ ধারা প্রবল থাকিবে। পাঠকের সুবিধার জন্যে তাহা পার্শ্বে লেখা গেল। ১৮৭২ সালের ২৫ জুনের ২০ নং সরক্যুলর অর্ডর নূতন বিধির ৩ ধারাক্রমে অকর্ম্মণ্য হওয়াতে একেবারে রহিত হইল। বিধির ২ ও ৩ পরিচ্ছেদের ২ প্রকরণের ক দফামতে প্রত্যেক কমিশ্যনের উপর এইক্ষণে রসুম লওয়া যাইব, ইহাতে সেই বিধিক্রমে ১৮৭৩ সালের ৩১ মের ১০ নং সরক্যুলর অর্ডরের ২ দফার ব্যতিক্রম হইয়াছে। পরওয়ানায় ইষ্টাম্প বসাইবার কথা সম্পর্কে ১৮৭০ সালের ২ আগষ্টের ১৭ নং সরকুল্যর অর্ডর বিধির ৩ ধারাক্রমে অন্যথা করা গিয়াছে। আদালতের এলাকার বহির্ভূত স্থানে পরওয়ানা জারী করিবার প্রার্থনা হইলে, সেই প্রার্থনাপত্রের উপর উপযুক্ত মুল্যের ইষ্টাম্প দিতে হইবে, ও প্রার্থনাপত্রে উপযুক্ত মুল্যের ইষ্টাম্প বসান গিয়াছে এই মর্ম্মের কথা পরওয়ানার পৃষ্ঠে লেখা যাইবে। বিধির ২ ও ৩ পরিচ্ছেদের ৬ প্রকরণক্রমে ১৮৭৩ সালের ৬ আগষ্টের ১৯ নং সরক্যুলর অর্ডর অন্যথা হওয়াতে সম্পুর্ণরূপে রহিত করা গিয়াছে।

অন্য ফী ভিন্ন, যদি পেয়াদার নৌকা যোগে কি খেয়ায় পার হইয়া কোন স্থানে যাইতে হয়, তবে যে ব্যক্তির যত্নে পরওয়ানা বাহির হয় তাহার স্থানে, ঐ পরওয়ানা বাহির হইবার পূর্ব্বে, পয়সা আদায় হইয়া, যে পেয়াদা পরওয়ানা লইয়া যায় তাহাকে দিতে হইবে।

২।—মাজিষ্ট্রেটদের আদালতে যে রসুম লওয়া যাইবে তদ্বিষয়ে আদালতের রসুম বিষয়ক আইনের ২০ ধারার ২ প্রকরণমত বিধি।

(১৩) গ্রেপ্তারী পরওয়ানার ও সমনের উপর যে রসুম লওয়া যাইতে পারে তাহা বিধির ১ ধারার ১ ও ২ প্রকরণে নির্দ্দিষ্ট হইয়াছে। ঐ পরওয়ানার কি সমনের মধ্যে এক মাত্র কি কএক ব্যক্তির নাম লেখা থাকুক ও সেই ব্যক্তিরা একি স্থানে কি ভিন্ন২ স্থানে বাস করুন, পরওয়ানা-জারী কার্য্যটি একি। কিন্তু পরওয়ানায় একের অধিক যত জনের নাম লেখা থাকে প্রত্যেক জনের উপর আর ।০ চারি২ আনা রসুম লওয়া যাইতে পারে। ও সমনে যাহাদের নাম লেখা থাকে তাঁহাদের দুই জনের অধিক একি গ্রামে বাস করিলে, প্রথম ও দ্বিতীয় জন ছাড়া আর যত ব্যক্তির নাম লেখা থাকে তাহাদের প্রত্যেক জনের উপর আর ।০ চারি২ আনা রসুম লওয়া যাইতে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১৬ জুন।]

one person residing in village A, and a second person residing in village B, the additional fee is chargeable in respect of such second person.

(14.) Magistrates may follow the principle of Rule III of the rules under Clause 1, Section 20, for the Civil Courts, in realizing Court fees in Criminal Courts.

(15.) The charge for boat-hire, when it has to be incurred, is not a Court fee realizable by stamps. There is nothing in the rules to introduce a change in the existing practice, and the charge must be borne as heretofore by Government.

III.—Rules under Clause 3, Section 20, Act VII of 1870, for the remuneration of persons employed in the service of processes.

(16.) The intervals and rate of increment which govern the increase of salaries of the establishment to which the officer belongs are applicable under these rules and will take effect from the date of their promulgation, except when the application of this order will reduce the pay of present duly qualified peons.

(17.) The establishment of peons of a Subordinate Judge's Court when the Subordinate Judge is also Judge of the Court of Small Causes is to be kept distinct from the Small Cause Court establishment.

IV.—Rules under Section 22, Act VII of 1870, for calculating the number of peons to be employed by Civil Courts and Magistrates.

(18.) Clause 2, Section 20 of the rules clearly indicates that only processes in cases of offences, other than offences for which police officers may arrest without warrant, are to be served by peons employed under the Courts Fees' Act.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

CIRCULAR ORDERS OF THE HIGH COURT.—CRIMINAL SIDE.

Circular Memo. No. 2.

Dated Calcutta, the 20th May 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Criminal.

IN accordance with a representation from the Inspector-General of Jails, the Court are pleased to bring to the notice of Sessions Judges and Magistrates that no Reformatory, or part of a prison declared to be a Reformatory under the Act, exists in Bengal at present. Sentences of confinement in a Reformatory, under Section 318, Act X of 1872, cannot therefore be carried into effect, and it is better to abstain from passing such sentences.

By order of the High Court,

H. J. S. COTTON,
Officiating Registrar.

[*Government Gazette, 16th June* 1874.]

পারিবে। অতএব সমনের মধ্যে ক গ্রামবাসি এক জনের ও খ গ্রামবাসি দ্বিতীয় জনের নাম লেখা থাকিলে, ঐ দ্বিতীয় ব্যক্তির উপলক্ষে ঐ অতিরিক্ত রসুম লওয়া যাইতে পারিবে।

(১৪) ২০ ধারার ১ প্রকরণমত বিধির ৩ ধারায় দেওয়ানী আদালতের নিমিত্ত যে বিধি নির্দ্দিষ্ট হইয়াছে, মাজিষ্ট্রেটেরা ফৌজদারী আদালতে আদালতের রসুম আদায় করণে সেই বিধি মানিবেন।

(১৫) নৌকার ভাড়া দিতে হইলে তাহা আদালতের রসুম বলিয়া ইষ্টাম্পদ্বারা আদায় করণোপযুক্ত খরচ নয়। এইক্ষণে যে রীতি চলন আছে বিধিতে তাহা মতান্তর করিবার কোন কথা নাই। গবর্ণমেণ্ট যেমন সেই খরচ দিয়া আসিতেছেন তেমনি দিতে থাকিবেন।

৩।—যাঁহারা পরওয়ানা জারী করিবার কার্য্যে নিযুক্ত হন তাঁহাদের মেহনতানা বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের ২০ ধারার ৩ প্রকরণ মত বিধি।

(১৬) আমলা যে সিরিশ্‌তার মধ্যে থাকে সেই সিরিশ্‌তার আমলাগণের যত দিন অন্তর যে হারানুসারে বেতনবৃদ্ধি পাইবার বিধান থাকে, এই বিধিমতে ঐ আমলার প্রতি সেই বিধান খাটে ও ঐ বিধি প্রচলিত হইবার তারিখঅবধি প্রবল হইবে। কিন্তু এই বিধি খাটাইলে যদি এইক্ষণকার উপযুক্ত ক্ষমতাবিশিষ্ট কোন পেয়াদার বেতন কমিয়া যায় তবে খাটিবে না।

(১৭) সবর্ডিনেট জজ ক্ষুদ্র মোকদ্দমার আদালতেরও জজ হইলে, ঐ সবর্ডিনেট জজের আদালতের পেয়াদাদিগকে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের সিরিশতাহইতে পৃথক রাখিতে হইবে।

৪।—দেওয়ানী আদালতের ও মাজিষ্ট্রেটদের যত জন পেয়াদা রাখিতে হইবে তাহার হিসাব করণ বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের ২২ ধারামত বিধি।

(১৮) যে প্রকারের অপরাধ হইলে পোলীসের কর্ম্মকারকেরা বিনা পরওয়ানায় গ্রেপ্তার করিতে পারেন, তাহা ছাড়া অন্য প্রকারের অপরাধ হইলে যে পরওয়ানা দেওয়া যায়, আদালতের রসুম বিষয়ক আইনমতে যে আমলারা নিযুক্ত হন, তাহারা কেবল সেই প্রকারের পরওয়ানা জারী করিতে পারেন, ২০ ধারার ২ প্রকরণে ইহা স্পষ্ট দেখা যায়।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

হাই কোর্টের স্মরণার্থ ফৌজদারী সরক্যুলর।

২ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ২০ মে।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
ফৌজদারী।

জেলের ইনস্পেকটর জেনরল সাহেবের কথা অনুসারে হাই কোর্টের সাহেবেরা সেশন জজ ও মাজিষ্ট্রেট সাহেবদিগকে এই কথা জানাইতেছেন, এইক্ষণে বঙ্গদেশে চরিত্রসংশোধনালয় নাই এবং কারাগারের কোন অংশও আইনমতে চরিত্রসংশোধনালয় বলিয়া প্রকাশ হয় নাই। ১৮৭২ সালের ১০ আইনের ৩১৮ ধারামতে চরিত্রসংশোধনালয়ে বদ্ধ থাকার দণ্ডাজ্ঞা হইলেও তদনুসারে কার্য্য হইতে পারে না, অতত্রব সেইরূপ দণ্ডের আজ্ঞা না করাই ভাল।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L.P.

MAY 1874.

THE HON'BLE V. H. SCHALCH.

No. 1.

UNDER instructions from Government, the following form of application is substituted for the one now subjoined to Clause 3, Chapter VI, Section X, page 127 of the Board's Rules :—

Year.	REVENUE.		CHARGES.		TOTAL.		NET.	
	Ordinary.	Extraordinary.	Ordinary.	Extraordinary.	Revenue.	Charges.	Surplus.	Deficit.

Extract from Home Department of Govt. of India.		Office to which the Proposition refers.	Nature of Charge.		Proposition.						Grounds of proposition.	Local Government's recommendation.	Orders of the Government of India.		
					Permanent.		Temporary.						Home Dept.	Finl. Dept.	
Number.	Date.		Present scale.	Proposed scale.	Increase per month.	Decrease per month.	Period.	Increase per month.	Period.	Decrease per month.			Remarks.	Remarks.	Orders.

No. 2.

THE following extract from a recent order of Government is published for the information and guidance of District Officers in charge of estates under the management of the Court of Wards :—

"Until further orders, the surplus cash of .... and (Wards) estates in general are, as "they accrue, to be invested in Government securities, and not at all in the purchase of "additional estates."

No. 3.

As it is desirable to preserve "Kharcha hisabs" of estates, the property of private individuals, held under Khas tehsil, the following addition is made to heading V (b), Class A in the Appendix to Chapter XIII (page 213) of the Board's Rules :—

"and 'Kharcha hisabs' of estates the property of individuals under Khas tehsil."

[*Government Gazette*, 16*th June* 1874.]

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭৪ সাল মে মাস।

মান্যবর শ্রীযুত বি এচ শক সাহেব।

১ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ২০৯ পৃষ্ঠায় ৬ অধ্যায়ের ১০ পরিচ্ছেদের ৩ প্রকরণে প্রার্থনাপত্রের যে পাঠ আছে তৎপরিবর্ত্তে গবর্ণমেণ্টের আদেশমতে এই পাঠের ব্যবহার করিতে হইবে।

সাল	রাজস্ব		খরচ		মোট		খরচ বাদে মিট।	
	সাধারণ	সাধারণাতিরিক্ত	সাধারণ	সাধারণাতিরিক্ত	রাজস্ব	খরচ	ফাজিল	বাকী।

নম্বর।	তারিখ।	যে দপ্তরখানার মিমিত্ত প্রস্তাব হয়।	খরচের ভাব		প্রস্তাব।					ভারতবর্ষের গবর্ণমেণ্টের হোম ডিপার্টমেণ্টের চুম্বক			ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা।		
			এইক্ষণে যে হারে দেওয়া গিয়া থাকে।	যে হারে দিবার প্রস্তাব হয়।	চিরকালীন		কিয়ৎকালীন								
					মাসের যত বৃদ্ধি হয়।	মাসের যত কমিয়া যাইবে।	যত কালের নিমিত্ত।	মাসের যত বৃদ্ধি হয়।	যত কালের নিমিত্ত।	মাসের যত কমিয়া যায়।	প্রস্তাবের হেতু।	স্থানীয় গবর্ণমেণ্টের অনুরোধ।	হোম ডিপার্টমেণ্টের মন্তব্য।	ফিনান্সাল ডিপার্টমেণ্টের মন্তব্য।	আজ্ঞা।

২ নম্বর।

কোর্টওয়ার্ডসের অধীন মহালের অধ্যক্ষতা কর্ম্মের ভার জিলার যে কর্ত্তৃপক্ষদের প্রতি বর্ত্তে তাঁহাদের জ্ঞান ও উপদেশার্থে গবর্ণমেণ্টের নূতন আজ্ঞায় এই চুম্বক প্রকাশ করা যাইতেছে।—

অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত রাজানুপালিত ব্যক্তিদের মহালের উদ্বর্ত্ত টাকা ও সাধারণমতে সেই২ মহালের টাকা লইয়া গবর্ণমেণ্টের প্রমিসরি নোট কিনিয়া রাখিতে হইবে, সেই টাকা লইয়া অন্য কএক মহাল খরীদ করিতে হইবে না।

৩ নম্বর।

সাধারণ ব্যক্তিদের যে২ মহাল খাস তহসীলে থাকে সেই২ মহালের খরচার হিসাব রাখা উচিত হওয়াতে, বোর্ডের বিধিপুস্তকের ৩২৯ পৃষ্ঠায় ১৩ অধ্যায়ের ক্রোড়পত্রের A শ্রেণীর ৫ ধারার (b) প্রকরণে এই কথা সংযোগ করিয়া দিতে হইবে।

"এবং সাধারণ ব্যক্তিদের যে মহাল খাস তহসীলে আইসে তাহার খরচার হিসাব।"

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১৬ জুন।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 23, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ২৩ জুন।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

NOTIFICATION.

LEAVE OF ABSENCE.

The 10th June 1874.—Baboo Atalbeharee Ghosh, B. L., Officiating Moonsif of Raneegunge, in the District of East Burdwan, is allowed 15 days' leave without pay, under Section 9, Supplement F of the Civil Leave Code. The Moonsif's Sheristadar to be placed in charge of the current duties of the office.

By order of the High Court,

H. J. S. COTTON, *Offg. Registrar.*

[*Government Gazette*, 23*rd June* 1874.]

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

ছুটী।

১৮৭৪ সাল ১০ জুন।—পূর্ব্ব বর্দ্ধমান জিলার অন্তর্গত রাণীগঞ্জের একটিং মুনসেফ শ্রীযুত বাবু অটল-বিহারী ঘোষ, বি, এল, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে বিনা বেতনে পনের দিন ছুটী পাইয়াছেন। কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার মুনসেফের সিরিশতাদারের প্রতি অর্পিত থাকিবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ২৩ জুন।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 30, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ৩০ জুন।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

HIGH COURT NOTICE.

MEMO. No. 1689.

THE following Circular Letter, issued by the Registrar of Her Majesty's Privy Council, is published for general information.

By order of the High Court,

H. J. S. COTTON,
Officiating Registrar.

High Court, the 22nd June 1874.

THE REGISTRAR OF THE PRIVY COUNCIL TO THE SOLICITORS AND AGENTS CONDUCTING APPEALS BEFORE HER MAJESTY IN COUNCIL.

Council Office,
Whitehall, December 22nd, 1873.

Gentlemen,

I AM directed by the Lord President of the Council to state, for your information, that it appears, from a communication made by the Incorporated Law Society to the Lords of the Judicial Committee of the Privy Council, that a practice exists amongst some of the solicitors or agents conducting Appeals from India before the Privy Council, of allowing a payment or commission of 10 or 15 per cent. on the remittances made to defray the expenses in England, to the Vakeel, Mookhtear, or other person in India by whom the appeal is transmitted to this country; and in one instance their Lordships are informed that a direct solicitation of business accompanied an offer of these terms.

Their Lordships have taken these statements into their most serious consideration. It appears to their Lordships that the deduction of a commission from remittances made for the expenses of an Appeal cannot justly be assimilated to the division of profits which prevails in this country under the name of agency; it is immaterial to a suitor in what manner the lawful costs he has to pay are divided between a town and country solicitor, but he has a right to require that remittances made for the expenses of an Appeal to England should be exclusively applied without deduction to that purpose. The payment to the native Vakeel, or other adviser of the client in India, of a commission upon the remittances, not only tends to increase the expense of Appeals, but gives to such persons direct personal interest in advising frivolous Appeals, and in making them as expensive as possible. Their Lordships are therefore of opinion that, if such a practice exists in India or elsewhere, it is wrong, and open to grave abuse, which might, if continued, call for the direct interposition of their Lordships' authority to check it.

But their Lordships prefer to address themselves to the sense of professional duty and propriety which exists amongst the gentlemen carrying on the business of Appeals before Her Majesty in Council, to put an end to this system; and their Lordships trust that after this intimation of their opinion measures will be taken by the members of the profession practising in the Privy Council to prevent the continuance of any such practice, which has doubtless only prevailed in some exceptional cases and should now be entirely abandoned.

I have the honour to be,
Your obedient Servant,

HENRY REEVE.
Registrar of the Privy Council.

[*Government Gazette, 30th June* 1874.]

হাই কোর্টের নোটিস।

১৬৮৯ নং স্মরণার্থ পত্র।

শ্রীশ্রীমতী মহারাণীর প্রিবি কৌনসেলের রেজিষ্টার সাহেব নিম্নলিখিত যে সরকুলর পত্র প্রচার করিয়াছেন তাহা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,

হাই কোর্ট, ১৮৭৪ সাল ২২ জুন। একটিং রেজিষ্ট্রার।

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর সম্মুখে যে সলিসিটরেরা ও এজেন্টেরা আপীলী মোকদ্দমা চালান তাঁহারদের নিকট প্রিবি কৌন্সেলের রেজিষ্ট্রার সাহেবের পত্র।

কৌন্সেল আফিস,

ওয়াইট হাল, ১৮৭৩ সাল ২২ ডিসেম্বর।

মন্ত্রিসভার সভাপতি লার্ড সাহেবের আদেশমতে আপনাদের জ্ঞানার্থে এই কথা লিখিতেছি। ইনকারপোরেটেড ল সোসাইটী নামক সভা প্রিবি কৌনসেলের জুডিশ্যাল কমিটীর লার্ড সাহেবের নিকট যে পত্র লিখিলেন তদ্দ্বারা দৃষ্ট হইল যে ভারতবর্ষহইতে প্রিবি কৌনসেলের সম্মুখে যে আপীল আইসে ইঙ্গলণ্ডে সেই আপীলে খরচ করিবার জন্যে সলিসিটর কি এজেন্ট সাহেবদের নিকট যে টাকা চালান হইয়া থাকে, ভারতবর্ষের যে উকীল কি মোক্তার কি অন্য ব্যক্তি এই ইঙ্গলণ্ড দেশে আপীল প্রেরণ করেন তাঁহাকে উক্ত কএক জন সলিসিটর কি এজেন্ট সাহেব ঐ টাকার উপর শত করা ১০৲ কি ১৫৲ টাকা কমিশান ধরিয়া দিয়া থাকেন। আরো, লার্ড সাহেবেরা অবগত হইয়াছেন যে, কোন এক সাহেব সেই নিয়মানুসারে কমিশ্যন দিবার প্রতিজ্ঞা করিয়া আপীলী মোকদ্দমা চালাইবার কার্য্যও প্রার্থনা করিলেন।

লার্ড সাহেবেরা অতি গম্ভীর ভাবে এই কথা বিবেচনা করিয়াছেন। এই দেশে এজেনসী বলিয়া লভ্যের বণ্টন হইয়া থাকে, কিন্তু আপীলের খরচের নিমিত্ত যে টাকা পাঠান যায় তাহাহইতে কমিশান বাদ দেওয়ার রীতি উক্ত লার্ড সাহেবদের বিবেচনায় ন্যায্যমতে ঐ লভ্য বণ্টনের তুল্য জ্ঞান হইতে পারে না। এইদেশের মধ্যেই মোকদ্দমা করিলে ফরিয়াদীর যে ন্যায্য খরচ দিতে হইবে তাহা নগরের ও মফঃসলের সলিসিটরেরা আপোসে যেরূপে বিভাগ করুন তাহাতে কিছু আইসে যায় না। কিন্তু আপেলাণ্ট ইঙ্গলণ্ডে আপীল করিবার যে খরচ দেন তাহাহইতে কিছু বাদ না দিয়া সমুদয়ই সেই কার্য্যে খরচ হয় তাঁহার এই দাওয়া করিবার অধিকার আছে। ভারতবর্ষে দেশীয় উকীলকে কিম্বা মওক্কেলের পরামর্শদায়ক অন্য ব্যক্তিকে ঐ টাকার উপর কমিশ্যন দেওয়াতে আপীলের খরচ বৃদ্ধি হইয়া উঠে। তদ্ভিন্ন, ঐ উকীল প্রভৃতি আপীল করিবার পরামর্শ দিয়া তাহার খরচ সাধ্যমতে যত বাড়াইয়া দেন ততই তাঁহারদের নিজ লাভ বৃদ্ধি হইবে জানিয়া তাঁহারা ক্ষুদ্রতর বিষয়েও আপীল করিবার পরামর্শ দিতে পারিবেন। এই২ কারণে সেই রীতি ভারতবর্ষে কি অন্য কোন স্থানেও চলিলে তাহা লার্ড সাহেবদের বিবেচনায় দূষণীয় ও তদ্দ্বারা গুরুতর অন্যায় জন্মিতে পারে। অতএব এই সময়ে নিবৃত্তি করা না গেলে তাহা নিবারণের জন্যে লার্ড সাহেবদের কোন দৃঢ় আজ্ঞা করা আবশ্যক হইবে।

যে ব্যক্তিরা মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর সম্মুখে আপীলী মোকদ্দমা চালাইয়া থাকেন, উক্ত লার্ড সাহেবেরা প্রথমে তাঁহারদের সেই পদসংক্রান্ত ধর্ম্ম ও কর্ত্তব্য বিবেচনায় ঐ রীতি রহিত করিতে পরামর্শ দেওয়া শ্রেয় বোধ করিলেন আর লার্ড সাহেবদের এই অভিমত প্রকাশ হইলে পর, যে ব্যক্তিরা প্রিবি কৌনসেলে ওকালতী করিয়া থাকেন, তাঁহারা নিজহইতেই উক্ত রীতি রহিত করিবার সদ্বিধান করিবেন, উক্ত লার্ড সাহেবদের এই আশা। ফলতঃ সেই রীতি কএকমাত্র স্থলে প্রচলিত হইয়াছে, এইক্ষণে তাহা সম্পূর্ণরূপে উঠাইয়া দেওয়া বিহিত।

হেনরি রীব,

প্রিবি কৌনসেলের রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৩০ জুন।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 7, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ৭ জুলাই।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS OF THE HIGH COURT.—CIVIL SIDE.

Circular Order No. 14.

Dated Calcutta, the 13th June 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

THE following special returns are prescribed in addition to the regular annual statements and it is requested that they may be made without delay for 1873 in the forms appended hereto :—

A statement showing for each Court in the district the applications filed during the year, under Section 119, Civil Procedure Code, for orders to set aside judgments passed *ex-parte* or on default.

A return of decrees satisfied without execution for each Court subordinate to the High Court.

A statement showing on a graduated scale the values of suits in which local inquiry was ordered, and the expenditure of money and time involved therein.

A.

Applications under Section 119, *Act VIII of* 1859, *for an order to set aside an* ex-parte *judgment or a judgment on default.*

Name of Court.	To set aside *ex-parte* judgment.	To set aside judgment on default.	Total.	Applications granted.	Applications rejected.	Total disposed of	Pending.	REMARKS.

B.

Statement showing decrees satisfied without execution in _____ *during the year* _____.

Denomination of Court.	Number of decrees satisfied.	Amount of decree.	REMARKS.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের দেওয়ানী সরক্যুলর।

১৪ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ১৩ জুন।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

বার্ষিক যে বর্ণনাপত্র নিয়মমতে পাঠান গিয়া থাকে, তদতিরিক্ত এইং বিশেষ রিটর্ণ নির্দ্ধারিত হইয়াছে ও ১৮৭৩ সালের নিমিত্ত নিম্নলিখিত পাঠানুসারে প্রস্তুত করিয়া আগৌনেই পাঠাইতে আজ্ঞা হইল।

যেং মোকদ্দমার একতরফা কিম্বা ত্রুটিপ্রযুক্ত ডিক্রী হইল, দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১১৯ ধারামতে বৎসরের মধ্যে জিলার প্রত্যেক আদালতে তাহা অন্যথা করিবার যেং দরখাস্ত দেওয়া গিয়াছে তাহার বর্ণনাপত্র।

হাই কোর্টের অধীন প্রত্যেক আদালতে জারী না হইয়া যে ডিক্রীর কার্য্য সম্পাদন হইয়াছে তাহার রিটর্ণ।

যেং মোকদ্দমায় সরেজমীনে তদারকের আজ্ঞা হয়, মূল্যানুসারে সেইং মোকদ্দমা শ্রেণীবদ্ধ করিয়া তাহার মূল্যের ও তদারক করণে যত টাকা খরচ হইল ও যত দিন লাগে তাহার বর্ণনাপত্র।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

A.

একতরফা যে ডিক্রী কিম্বা ত্রুটিপ্রযুক্ত যে ডিক্রী হয়, তাহা অন্যথা করিবার আজ্ঞার নিমিত্ত ১৮৫৯ সালের ৮ আইনের ১১৯ ধারামত দরখাস্ত।

আদালতের নাম	এক তরফা ডিক্রী অন্যথা করিবার নিমিত্ত	ত্রুটি প্রযুক্ত যে ডিক্রী হয় তাহা অন্যথা করিবার নিমিত্ত	মোট	দরখাস্ত গ্রাহ্য হইল	দরখাস্ত অগ্রাহ্য হইল	মোটে যত মিস্পত্তি হইল	যত উপস্থিত থাকে	মন্তব্য।

B.

বৎসরের মধ্যে অমুক জিলায় জারী না হইয়া যে ডিক্রীর কার্য্যসাধন হইয়াছে তাহার বর্ণনাপত্র।

আদালতের নাম	যত খামি ডিক্রীর কার্য্যসাধন হইয়াছে	যত টাকার ডিক্রী	মন্তব্য কথা।

C.

*Statement showing values of the different classes of suits in which local inquiry was ordered during the year*_____.

Scale of values.	No.	Aggregate value.	Average value.	Aggregate cost of local inquiry only.	Average cost of local inquiry.	Average time occupied in inquiry.
Cases not exceeding 5 Rs.						
„ „ 20 „						
„ „ 50 „						
„ „ 100 „						
„ „ 500 „						
„ „ 1,000 „						
Exceeding 1,000 „						

CIRCULAR MEMO.—CIVIL SIDE.

No.

Dated Calcutta, the 12th June 1874.

To—The Judge of

THE Court direct me to return herewith your returns to Circular Order No. 11, dated 14th March 1874, and to point out that the forms of Registers of receipts and disbursements on account of Civil Court Ameens prescribed by that Circular were intended, as stated therein, *to be kept up in all the regular Civil Courts* with a view to furnishing materials for the returns to the Court under Circular Order No. 12, dated 8th April 1872.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

2. The Statement for the financial year 1873-74, required in the 2nd paragraph of the recent Circular, should be made in the form appended to the Circular No. 12, dated 8th April 1872.

3. The Statement should accordingly be recast and submitted to this Court at an early date.

By order of the High Court,

H. J. S. COTTON,
Officiating Registrar.

[*Government Gazette, 7th July* 1874.]

C.

অমুক সালে নানা শ্রেণীর যেং মোকদ্দমায় সরেজমীনে তদারক হইবার আজ্ঞা হইল সেইং মোকদ্দমা শ্রেণীর মূল্যের কৈফিয়ৎ।

যে মূল্যানুসারে মোকদ্দমা শ্রেণী-বদ্ধ হয়	সংখ্যা	মোটে ঐ সকল মোকদ্দমার মূল্য	গড়ে ঐ সকল মোকদ্দমার মূল্য	কেবল সরেজমীনে তদারক করিবার মোট খরচ	সরেজমীনে তদারক করিবার গড় খরচ	তদারক করিতে গড়ে যত দিন লাগে।
৫ টাকার অনধিক মূল্যের মোকদ্দমা						
২০ টাকার ঐ						
৫০ টাকার ঐ						
১০০ টাকার ঐ						
৫০০ টাকার ঐ						
১০০০ টাকার ঐ						
১০০০ টাকার অধিক মূল্যের						

স্মরণার্থ দেওয়ানী সরক্যুলর।

নম্বর

অমুক জিলার শ্রীযুত জজ সাহেব সমীপেষু।

কলিকাতা, ১৮৭৪ সাল ১২ জুন।

১৮৭৪ সালের ১৪ মার্চের ১১ নম্বরের সরক্যুলর অর্ডর উপলক্ষে তুমি যে রিটর্ণ দিয়াছ, হাই কোর্টের আজ্ঞাক্রমে তাহা ফিরিয়া পাঠাইয়া এই কথা জানাইতেছি। দেওয়ানী আদালতের আমীনের নিমিত্ত যত টাকা জমা ও খরচ হয়, তাহার রেজিষ্টর লিখিবার যে পাঠ ঐ সরক্যুলর অর্ডরে নির্দ্দিষ্ট হইয়াছিল তাহার উদ্দেশ্য ঐ সরক্যুলরে ব্যক্ত হইয়াছে, বিশেষতঃ ১৮৭২ সালের ৮ আপ্রিলের ১২ নং সরক্যুলর অর্ডরঅনুসারে কোর্টে যে রিটর্ণ পাঠাইতে হইবে সেই রিটর্ণের লিখিতব্য কথা জানিবার নিমিত্ত নিয়মিত সকল দেওয়ানী আদালতে ঐ রেজিষ্টর রাখিতে হইবে।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

২। উক্ত ১৪ মার্চের সরক্যুলর অর্ডরের ২ দফায় রাজস্বসংক্রান্ত ১৮৭৩।৭৪ সালের যে কৈফিয়ৎ লিখিবার আজ্ঞা হইয়াছিল, ১৮৭২ সালের ৮ আপ্রিলের ১২ নং সরক্যুলর অর্ডরে যে পাঠ সংযুক্ত হইয়াছে ঐ কৈফিয়ৎ সেই পাঠে লিখিতে হইবে।

৩। তদনুসারে ঐ কৈফিয়ৎ পুনরায় লিখিয়া ত্বরায় এই কোর্টে পাঠাইতে হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,

একটিং রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৭ জুলাই।]

Circular Memo. No. 14.

Dated Calcutta, the 12th June 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

COPY forwarded to all District Judges for information and guidance.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

CIRCULAR ORDERS OF THE HIGH COURT.—CRIMINAL SIDE.

Circular Order No. 2.

Dated Calcutta, the 8th June 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Criminal.

WITH reference to the alteration in Section 276 of the Code of Criminal Procedure by Act XI of 1874 (the Criminal Procedure Amendment Act), the Court are pleased to issue the following Circular Order in supersession of Circular Order No. 1, dated 17th January 1874.

2. The High Court find it necessary to call the attention of the several Subordinate Criminal Courts, and of the Officers in charge of Jails, to the provisions of Act X of 1872, in respect of the submission of criminal appeals. Section 275 of the present law enacts that "every petition of appeal shall be accompanied by a copy of the *judgment* or order appealed against."

3. What the judgment or final order in the case shall contain is enacted in Section 464 of the Code :—"The judgment or final order shall contain the point or points for determination, the finding thereupon, and the reasons for the finding." The fourth paragraph of the same section points out that "In trials by jury the Court need not state its reasons for its judgment, but shall record the heads of the charge to the jury." In cases tried by jury, therefore, the heads of the Judge's charge to the jury will take the place of the reasons for the finding.

4. No doubt can exist as to the plain requirements of the law in this matter, and the Court desire that the Subordinate Courts will carefully comply with the provisions of the New Code and discontinue the practice, which at present exists in several quarters, of furnishing to the person affected, and sending up to the Appellate Court, a copy of the sentence only with the petition of appeal.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

Circular Order No. 3.

Dated Calcutta, the 18th June 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Criminal.

THE Court are pleased to notify, for the information of Judges and Magistrates, that Circular Order No. 17, dated 17th June 1863, is cancelled.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

[*Government Gazette, 7th July* 1874.]

১৪ নং।

কলিকাতা, ১৮৭৪ সাল ১২ জুন।

হাই কোর্ট,
ইংরেজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

সকল জিলার জজ সাহেবদের জ্ঞান ও উপদেশার্থে পূর্ব্বোক্ত সরকুলরের নকল পাঠান গেল।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

হাই কোর্টের ফৌজদারী সরক্যুলর।

২ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ৮ জুন।

হাই কোর্ট,
ইংরেজী ডিপার্টমেণ্ট।
ফৌজদারী।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন সংশোধনার্থ ১৮৭৪ সালের ১১ আইনদ্বারা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২৭৬ ধারার পরিবর্ত্তন হওয়া প্রযুক্ত, হাই কোর্টের সাহেবেরা ১৮৭৪ সালের ১৭ জানুআরির ১ নং সরক্যুলর অর্ডর রহিত করিয়া এই সরক্যুলর প্রচার করিতেছেন।

২। ফৌজদারী আপীল উপস্থিত করণের বিষয়ে হাই কোর্টের সাহেবেরা অধীন সকল ফৌজদারী আদালতের ও জেলের কর্ত্তৃপক্ষদের প্রতি ১৮৭২ সালের ১০ আইনের বিধানে মনোযোগ করিতে আদেশ করা প্রয়োজন জ্ঞান করিয়াছেন ঐ আইনের ২৭৫ ধারার বিধান এই, "যে নিষ্পত্তির কি অন্য আজ্ঞার উপর আপীল হয়, আপীলের দরখাস্তের সঙ্গে সেই নিষ্পত্তির কি আজ্ঞার প্রতিলিপি দিতে হইবে।"

৩। সেই নিষ্পত্তিপত্রে কি শেষ আজ্ঞাপত্রে যে২ কথা লিখিতে হইবে তাহা আইনের ৪৬৪ ধারায় নির্দ্দিষ্ট হইয়াছে, যথা "যে বিষয় কি যে২ বিষয় নির্ণয়ার্থে উপস্থিত করা যায়, ও তদ্বিষয়ে যাহা নির্ণয় হয়, ও সেই নির্ণয়ের হেতু, এই সকল কথা নিষ্পত্তিপত্রে কি শেষ আজ্ঞাপত্রে লেখা যাইবে।" ঐ ধারার চতুর্থ প্রকরণে লেখা আছে যে, "জুরির দ্বারা বিচার হইলে আদালতের নিষ্পত্তির হেতু লিখিবার আবশ্যক নাই, কিন্তু জুরির নিকট উপদেশ বাক্যের মূল কথা লেখা যাইবে।" অতএব জুরির সহকারিতায় মোকদ্দমার বিচার হইলে, নির্ণয়ের হেতু না লিখিয়া জুরির নিকট জজ সাহেবের উপদেশ বাক্যের মূলাংশ লিখিতে হইবে।

৪। এই বিষয়ে আইনের যে স্পষ্ট আদেশ হইয়াছে তদ্বিষয়ে সন্দেহমাত্র থাকিতে পারে না। আর অধীন সকল আদালত মনোযোগ পূর্ব্বক নূতন আইনের বিধানমতে কার্য্য করিবেন, ও নিষ্পত্তিতে যে ব্যক্তির সম্পর্ক থাকে তাঁহাকে ও আপীল আদালতে আপীলের ও দরখাস্তের সঙ্গে কেবল আজ্ঞার নকল দিবার ও পাঠাইবার যে রীতি এইক্ষণে অনেক স্থানে চলিতেছে সেই রীতি রহিত করিবেন, হাই কোর্টের এই বাঞ্ছা।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

---

৩ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ১৮ জুন।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
ফৌজদারী।

১৮৬৩ সালের জুন মাসের ১৭ তারিখের ১৭ নং সরক্যুলর অর্ডর রহিত করা গিয়াছে। হাই কোর্টের সাহেবেরা জজ ও মাজিষ্ট্রেট সাহেবদের জ্ঞানার্থে এই কথা জানাইতেছেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৭ জুলাই।]

CIRCULAR MEMO—CRIMINAL SIDE.

No. 689, dated Calcutta, the 3rd June 1874.

From—H. J. S. COTTON, ESQ., Offg. Registrar of the High Court of Judicature at Fort William in Bengal,

To—The Magistrate of Sylhet.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Criminal.

I AM directed to acknowledge the receipt of your letter No. 2546, dated 20th May 1874, in which you state that you had presumed that columns 2 and 3, Part II of Quarterly Statement D, referred to *cases* of commitment.

2. In reply, I am to say that, although your supposition is borne out by the literal wording of the headings of the columns, the intention of the Court was that "persons implicated in commitments" and not the commitments themselves should be shown in this column, and you are requested to cause the statements to be prepared on this principle in future.

H. J. S. COTTON,
Offg. Registrar.

Circular Memo. No. 3.

Dated Calcutta, the 3rd June 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Criminal.

Forwarded to all Sessions Judges and Magistrates for information and guidance.

By order of the High Court,
H. J. S. COTTON,
Offg. Registrar.

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

NOTIFICATION.

LEAVE OF ABSENCE.

The 29th June 1874.—Baboo Poorno Chunder Roy, Second Moonsif of Dukhin Shabazpore, in the District of Backergunge, is allowed leave of absence for 4½ months, on private affairs from 2nd July 1874, under Section 5, Supplement F of the Civil Leave Code.

TRANSFERS OF MOONSIFS.

The 25th June 1874.—Baboo Gopal Chunder Bose, Second Moonsif of Rungpore, on leave is appointed to be Moonsif of Kandi, District Moorshedabad, and will join his new appointment on the expiration of his leave.

Baboo Chunder Coomar Roy, Moonsif of Buddergunge, District Rungpore, and now Acting Moonsif of Cox's Bazar, District Chittagong, is appointed to be Moonsif of Cox's Bazar, District Chittagong.

By order of the High Court,
H. J. S. COTTON,
Offg. Registrar.

[*Government Gazette, 7th July* 1874.]

স্মরণার্থ ফৌজদারী সরক্যুলর।

৬৮৯ নম্বর।

ছিলটের মাজিষ্ট্রেট সাহেবের নিকট বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের একটিং রেজিষ্ট্রার শ্রীযুত এচ জে এস কটন সাহেবের পত্র। কলিকাতা ১৮৭৪ সাল ৩ জুন।

১৮৭৪ সালের ২০ মের ২৫৪৬ নম্বরের তোমার পত্র পাওয়া গিয়াছে। তাহাতে লিখিয়াছ যে, D চিহ্নিত ত্রৈমাসিক কৈফিয়তের দ্বিতীয় খণ্ডের ২ ও ৩ ঘরে সোপর্দ্দ করা মোকদ্দমার উল্লেখ হইয়াছে তোমার এমত জ্ঞান ছিল।

২। আজ্ঞাক্রমে তোমার পত্রের এই উত্তর লিখিলাম। তোমার যে অনুভব, তাহা ঐ২ ঘরের শীর্ষকের কথা দ্বারা জন্মিতে পারে বটে কিন্তু যে মোকদ্দমা সোপর্দ্দ করা যায় তাহা নয়, "ঐ সোপর্দ্দ করা মোকদ্দমায় যে ব্যক্তিরা লিপ্ত আছে" ঐ২ ঘরে তাহাই লেখা হাই কোর্টের অভিপ্রায় ছিল। এই অবধি সেই ভাবানুসারে ঐ কৈফিয়ৎ প্রস্তুত করাইবা।

এচ, জে, এস, কটন,
একটিং রেজিষ্ট্রার।

---

৩ নং।

কলিকাতা, ১৮৭৪ সাল ৩ জুন।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

সকল সেশন জজ ও মাজিষ্ট্রেট সাহেবের জ্ঞান ও উপদেশার্থে উক্ত পত্রের নকল পাঠান গেল।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ, জে, এস, কটন,
একটিং রেজিষ্ট্রার।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

ছুটী।

১৮৭৪ সাল ২৯ জুন।—বাকরগঞ্জ জিলার অন্তর্গত দক্ষিণ সাবাজপুরের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র রায় নিজ প্রয়োজনোপলক্ষে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৫ ধারামতে ১৮৭৪ সালের জুলাই মাসের ২ তারিখ অবধি সাড়ে চারি মাস ছুটী পাইয়াছেন।

মুনসেফদের স্থানান্তরে নিয়োগ।

১৮৭৪ সাল ২৫ জুন।—রঙ্গপুরের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র বসু মুরশিদাবাদ জিলার অন্তর্গত কাঁদির মুনসেফের পদে নিযুক্ত হইলেন। ইনি ছুটী লইয়াছেন। তাঁহার ছুটীর অবসানে স্বীয় নূতন পদ গ্রহণ করিবেন।

রঙ্গপুর জিলার অন্তর্গত বদরগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রকুমার রায় এইক্ষণে চট্টগ্রাম জিলার অন্তর্গত কক্সবাজারের মুনসেফের কর্ম্ম একটিংরূপে করিতেছেন, তিনি স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ, জে, এস, কটন,
একটিং রেজিষ্ট্রার।

হাই কোর্ট, ১৮৭৪ সাল ২২ জুন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৭ জুলাই।]

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L.P.

JUNE 1874.

THE HON'BLE V. H. SCHALCH, C.S.I.

No. 1.

As some misconception has been found to prevail in regard to the levy of zemindaree dâk cess from estates under the direct management of the Collector, attention is drawn to clause 3, section VIII, chapter XX, page 282 of the Board's Rules, which lays down that such estates are not exempted from the payment of the rate under Section III, Act VIII (B.C.) of 1862. The Collector managing a Government estate is exactly a "zemindar, sudder farmer *or other person* paying rent to Government" within the meaning of the Act.

No. 2.

IT appears that, under the law, the covenant contained in a lease granted to a farmer of a Government estate, not to sell the estate, or to under-lease it, either wholly or in part, does not protect the lease from sale by the Civil Court on execution of decree. The practical effect of this is that the Courts may often substitute in the place of a farmer carefully selected by the Government any man, be his character what it may, who simply bids highest at the sale. To remedy this defect, the Member in charge desires that in future farming leases a clause should be added reserving to the Collector a right to cancel the deed on the farmer becoming bankrupt, or allowing the lease to be sold in execution.

A. MONEY, ESQ., C.B.

No. 3.

THE result of the experimental introduction of the system of *official* vend of Court Fees Stamps, with reference to Act VII of 1870, in the Districts of the Lower Provinces, having shewn that the convenience of the public cannot be sufficiently met thereby, the sanction of Government has now been obtained to revert, in all Districts (excepting Calcutta, where special salaried vendors are appointed), to the former system of sale by *licensed* vendors.

Stamps.

2nd.—It is accordingly necessary to cancel paragraph 6 of the Rules under Section 27 of Act VII of 1870, published with the Board's Circular Order No. 8 of June 1872, and to substitute for it the following Rule:—

"6.—Licensed Vendors at all Head-Quarters and Sub-Divisional Stations, purchasing stamps of the total value of Rs. 25 or upwards, at one time, are allowed a discount not exceeding 1½ per cent. But no discount is allowed on purchase of any stamp of which the value is more than Rs. 75. Stamps above that value are always procurable from the Collector and from Sub-Divisional Officers."

3rd.—Also, for the words "receipt and custody" in paragraph 4 of the present Rules, the following words are to be substituted:—"receipt, custody, issue from the Collector's store, and the retail†" * * * *

4th.—The Commissioner of each Division will make the necessary arrangements for reverting to the system of licensed vend, inviting vendors to apply, through the District Officers for licenses to sell Court Fees Stamps on a fixed discount allowance of 1½ per cent.

NOTE.—Rule 7A in Section IV of Chapter XXI of the Board's Rules is not, however, applicable.

[*Government Gazette, 7th July* 1874.]

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭৪ সাল জুন মাস।

মান্যবর শ্রীযুত বি এচ শক সাহেব, সি, এস, আই।

১ নম্বর।

যে সকল মহাল অব্যবহিতরূপে কালেকটর সাহেবের কর্ত্তৃত্বাধীন থাকে, সেই২ মহালহইতে জমীদারী ডাকের নিমিত্ত কর আদায় করিবার বিষয়ে কিঞ্চিৎ ভ্রম দেখা যাইতেছে, এই কারণে বোর্ডের বিধি পুস্তকের ৪৩৬ পৃষ্ঠায়, ২০ অধ্যায়ের ৮ পরিচ্ছেদের ৩ ধারায় (১৮৭১ সালের বাঙ্গলা গেজেটের ৮১৮ পৃষ্ঠায় আপ্রিল মাসের ২ নং সরক্যুলর অর্ডরে) মনোযোগ করিতে আদেশ হইল। তাহাতে লেখা আছে যে ১৮৬২ সালের বঙ্গীয় ৮ আইনের ৩ ধারামতে যে কর দিতে হইবে, উক্ত প্রকারের মহাল সেই করহইতে মুক্ত নয়। ঐ আইনে যে "সদর মালগুজার ও সদর ইজারদার ও অন্য ব্যক্তিদের" কথা আছে, যে কালেকটর সাহেব গবর্ণমেণ্টের মাহালের কার্য্যাধ্যক্ষ হন তিনিও ঠিক তাঁহাদের ন্যায় এক ব্যক্তি।

২ নম্বর।

গবর্ণমেণ্টের মাহালের ইজারদারকে যে পাট্টা দেওয়া গিয়াথাকে তাহার মধ্যে এক নিয়ম এই যে, ইজারদার ঐ সমুদয় মহাল কি তাহার কোন অংশ বিক্রয় করিতে কি পেটাও পাট্টা করিয়া দিতে পারিবেন না। কিন্তু দেখা যাইতেছে যে দেওয়ানী আদালত ডিক্রীজারীক্রমে ঐ পাট্টা বিক্রয় করিতে পারেন, আইনে ইহার কোন নিষেধ নাই। কার্য্য পক্ষে ঐ বিধির ফল এই, গবর্ণমেণ্ট মনোযোগ পূর্ব্বক কোন ব্যক্তিকে মনোনীত করিয়া ইজারদার করিলেন, আদালত কোন সময়ে তাঁহাকে বাহির করিয়া, অন্য ব্যক্তির যেরূপ চরিত্র হউক না, নীলামে উচ্চ মুল্য ডাকিয়াছেন বলিয়া তাঁহাকে ঐ ইজারা দিতে পারিবেন। এই দোষের প্রতিকার করিবার জন্যে সেই কার্য্যে যে মেম্বর সাহেবের প্রতি অধ্যক্ষতা ভার থাকে তিনি এই আদেশ করিলেন, ইহার পর ইজারার যে পাট্টা করা যাইবে তাহার মধ্যে এই মর্ম্মের নিয়ম থাকিবে যে, ইজারদার দেওলিয়া হইলে কালেকটর সাহেবের সেই পাট্টা বাতিল করিবার অধিকার থাকিবে কিম্বা তিনি ডিক্রীজারীক্রমে পাট্টা বিক্রয় করিবার অনুমতি দিতে পারিবেন।

শ্রীযুত এ মনি সাহেব, সি, বি।

৩ নম্বর।

ইষ্টাম্প বিষয়ক কথা।

১৮৭০ সালের ৭ আইন লক্ষ করিয়া বঙ্গপ্রভৃতি দেশের নানা জিলায় পরীক্ষা করিবার নিমিত্ত কাছারীর কোন আমলাদ্বারা আদালতের রসুমের ইষ্টাম্প বিক্রয় করিবার রীতি প্রচলিত ছিল। কিন্তু ইহাতে দেখা গেল যে সাধারণের নানা প্রকারে অসুবিধা হয়। অতএব কলিকাতাছাড়া সকল জিলায় পাট্টাপ্রাপ্ত বিক্রেতাদের দ্বারা ইষ্টাম্প বিক্রয় করিবার পূর্ব্বকার নিয়ম পুনরায় প্রচলিত করণার্থে গবর্ণমেণ্টের অনুমতি পাওয়া গিয়াছে। কলিকাতায় বিক্রেতাদিগকে বিশেষ বেতন দিয়া নিযুক্ত করা গিয়া থাকে।

দ্বিতীয়।—এই কারণে ১৮৭০ সালের ৭ আইনের ২৭ ধারামতে যে২ বিধি প্রণীত হইয়া বোর্ডের ১৮৭২ সালের জুন মাসের ৮ নং সরক্যুলর অর্ডরে প্রকাশ করা যায় তাহার ৬ ধারা রহিত করিয়া তৎপরিবর্ত্তে এই ধারা দেওয়া আবশ্যক হইল।

"৬।—সকল সদর স্থানে ও মহকুমায় পাট্টাপ্রাপ্ত বিক্রেতারা একিকালে সর্ব্বসুদ্ধ ২৫৲ টাকার কি তাহার অধিক মুল্যের ইষ্টাম্প ক্রয় করিলে, শতকরা ১৷৷০ টাক ডিসকৌণ্ট পাইবেন তাহার অধিক নয়। কিন্তু ৭৫৲ টাকার অধিক মুল্যের একখান ইষ্টাম্প ক্রয় করিলে, তাহার উপর ডিসকৌণ্ট পাইবেন না। ৭৫ টাকার অধিক মুল্যের ইষ্টাম্প সর্ব্বদাই কালেক্টর সাহেবের ও মহকুমার কর্ত্তৃপক্ষদের নিকট ক্রয় করা যাইতে পারিবে।"

তৃতীয়।—আরো এইক্ষণকার প্রচলিত বিধির ৪ ধারায় "গ্রহণ করিয়া নির্ব্বিঘ্নে রাখিবার" এই কথার পরিবর্ত্তে "গ্রহণ করিয়া নির্ব্বিঘ্নে রাখিবার, ও কালেক্টর সাহেবের মৌজুদ ইষ্টাম্পহইতে বাহির করিয়া লইবার ও খুজরা বিক্রয় করিবার" এই কথা দিতে হইবে।

চতুর্থ।—পাট্টা লইয়া বিক্রয় করিবার পূর্ব্বকার নিয়ম চালাইবার যে উপায় আবশ্যক, প্রত্যেক খণ্ডের কমিশ্যনর সাহেব তাহার বিধান করিয়া বিক্রেতাদিগকে শতকরা ১৷৷০ টাকার নির্দ্ধারিত ডিসকৌণ্ট লইয়া আদালতের রসুমের ইষ্টাম্প বিক্রয় করিবার পাট্টা পাইবার জন্যে জিলার কর্ত্তৃপক্ষদের দ্বারা দরখাস্ত করিতে কহিবেন।

মন্তব্য।—কিন্তু বোর্ডের বিধিপুস্তকের ২১ অধ্যায়ের ৪ পরিচ্ছেদের ৭ক ধারা খাটে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৭ জুলাই।]

5th.—The sanction of Government has also just been received to the continuance of payment of discount at 6¼ per cent. on the sale of the special description of paper referred to in the Board's Circular Order No. 14 of November 1872, to be used for documents under Act VII of 1870; and local Officers are directed to carefully supervise the working of the scheme, to ascertain whether any extortion is practised by vendors of the paper in demanding from purchasers more than the fixed price of 1 pice per sheet.

6th.—With reference to these instructions, each Commissioner will prepare and submit a general statement of the amounts of discount estimated to be paid in each District of his Division during the current official year, for which no provision has been made in the Budget estimates for 1874-75.

No. 4.

As it appears from reports received that a diversity of practice exists with respect to the levy of stamp duty on depositions and documentary exhibits in cases, Divisional and District Officers are requested to observe in future the following rule:—

Copies of depositions, and also copies of documents coming within the description of documents mentioned in Clause 9, Schedule I, Act VII of 1870, as "accounts, statements, reports, or the like," taken out of any Civil or Criminal or Revenue Court or office, or from the office of any Chief Officer charged with the executive administration of a Division, should bear a stamp under the provisions of the aforesaid clause, the value of which should be computed according to the number of words contained in the deposition or document, at the rate of eight annas per every 360 words, or fraction of 360 words.

Copies of documents not falling within the above-mentioned description are dutiable under Clause 23, Schedule I, Act XVIII of 1869. For example, the copy of a Bill of sale should be stamped under the latter Act, while the copy of an Ameen's report would require a stamp under Clause 9, Schedule I of Act VII of 1870.

No. 5.

DISTRICT Officers are requested in future to show in the column of remarks of Register No. XXVI how lands the property of Government have been acquired, whether under the Land Acquisition Act or by private purchase, and the dates on which such lands were acquired

---

No 6.

SALT char-chittee forms will, in future, be printed with a counterfoil and bound up in books of 100 each. Before the books are issued by the Collector to wholesale vendors, the pages must be signed, sealed, and numbered as prescribed in Rule 2 at page 17 of the Salt Manual.

When a wholesale vendor returns a Rowannah to the Collector on completion of the sale of the salt covered by it, he must at the same time return the counterfoils of the chars under which the salt has been sold.

পঞ্চম।—১৮৭০ সালের ৭ আইনমতে দলীল লিখিবার জন্যে ব্যবহার হইবে বলিয়া বোর্ডের ১৮৭২ সালের নবেম্বর মাসের ১৪ নং সরক্যুলর অর্ডরে যে বিশেষ প্রকারের কাগজের উল্লেখ হইয়াছে তাহা বিক্রয় করিলে শতকরা ৬।০ টাকা ডিসকৌণ্ট দেওয়া যাইতে থাকিবে এই বিষয়েও গবর্ণমেণ্টের অনুমতি পাওয়া গিয়াছে। তা প্রতি ৫ এক পয়সা ঐ কাগজের নির্দ্ধারিত মূল্য। বিক্রেতারা অন্যায়মতে খরীদারদের স্থানে অধিক লয় কি না স্থানীয় কর্ত্তৃপক্ষেরা ইহা নিশ্চয় জানিতে চেষ্টা করিয়া ঐ নিয়মমতে কার্য্য চলনের তত্ত্বাবধারণ করেন তাঁহাদের প্রতি এই আদেশ হইল।

ষষ্ঠ।—এই উপদেশপত্রের উপলক্ষে এই আদেশও করা গেল, ১৮৭৪। ৭৫ সালের বজেট ইষ্টিমেটের মধ্যে ঐ ডিসকৌণ্টের কথা নাই। অতএব এই বৎসর প্রত্যেক খণ্ডের এক২ জিলায় অনুমান কত টাকা ডিসকৌণ্ট দেওয়া যাইতে পারিবে কমিশুনর সাহেবেরা ইহার সাধারণ একখানি ফর্দ্দ প্রস্তুত করিয়া অর্পণ করিবেন।

---

৪ নম্বর।

নানা স্থানের রিপোর্ট দ্বারা জানা গেল যে, মোকদ্দমায় জোবানবন্দীর ও দলীলের নকলের উপর যে ইষ্টাম্পের মাসুল আদায় হইয়া থাকে তদ্বিষয়ে রীতির বৈলক্ষণ্য আছে। এই কারণে দেশখণ্ডের ও জিলার কর্ত্তৃপক্ষদের প্রতি এই বিধি মানিতে আজ্ঞা হইল।

কোন দেওয়ানী কি ফৌজদারী কি মাল আদালত কি কাছারীহইতে কিম্বা দেশখণ্ডের কার্য্যসম্পাদনাধিকারি কোন প্রধান কর্ত্তৃপক্ষের আফিসহইতে জোবানবন্দীর যে নকল লওয়া যায়, এবং "হিসাব, বর্ণনাপত্র, রিপোর্টপ্রভৃতি" যে২ প্রকারের দলীল ১৮৭০ সালের ৭ আইনের ১ তফসীলের ৯ প্রকরণে উল্লিখিত হইয়াছে, সেই২ দলীলের যে নকল করা যায়, তাহার উপর ঐ প্রকরণের বিধানমতে ইষ্টাম্প লাগিবে। ঐ জোবাদবন্দীর কি দলীলের মধ্যে যত শব্দ থাকে, তাহার ৩৬০ কিম্বা তাহার কম শব্দ প্রতি ॥০ আট আনা মূল্য ধরিয়া ঐ ইষ্টাম্পের মূল্য ধরিতে হইবে।

উক্ত প্রকারের দলীল ছাড়া অন্য দলীলের নকলে ১৮৬৯ সালের ১৮ আইনের ১ তফসীলের ২৩ প্রকরণমতে ইষ্টাম্পের মাসুল লাগিবে। যথা, বয়নামার অর্থাৎ বিক্রয়পত্রের নকলে শেষোক্ত আইনমতে ইষ্টাম্প দেওয় যাইবে, কিন্তু আমীনের রিপোর্টের নকলে ১৮৭০ সালের ৭ আইনের ১ তফসীলের ৯ প্রকরণমতে ইষ্টাম্প লাগিবে।

---

৫ নম্বর।

যে ভূমি গবর্ণমেণ্টের সম্পত্তি হয়, তাহা কি প্রকারে পাওয়া গিয়াছে, অর্থাৎ ভূমি গ্রহণ বিষয়ক আইনঅনুসারে, না আপোসে ক্রয় করণমতে পাওয়া গিয়াছে ও যে২ তারিখে ভূমি পাওয়া যায় জিলার কর্ত্তৃপক্ষেরা এই অবধি ২৬ নং রেজিষ্টরের মন্তব্য কথার ঘরে সেই সকল কথা লিখিবেন।

---

৬ নম্বর।

এই অবধি নিমকের ছাড়চিটি লিখিবার পাঠ অনুলিপিপত্র সহিত ছাপা হইয়া ১০০ করিয়া এক২ খান বহীতে বাঁধা যাইবে। যাঁহারা মোটে লবণ বিক্রয় করেন কালেকটর সাহেব তাঁহাদিগকে ঐ বহী দিবার পূর্ব্বে লবণ বিষয়ক বিধি পুস্তিকার ১৭ পৃষ্ঠায় ২ দফার আদেশমতে ঐ বহীর এক২ পেজে স্বাক্ষর করিয়া ও মোহর দিয়া নম্বর লিখিবেন।

রওয়ানায় যে লবণের কথা লেখা থাকে সেই লবণ বিক্রয় কার্য্য সমাপ্ত হইলে, মোটে বিক্রেতা কালেকটর সাহেবকে রওয়ানা ফিরিয়া পাঠাইলে, যে ছাড়চিঠিমতে লবণ বিক্রয় হইল তাহার অনুলিপিও সেই সময়ে ফিরিয়া দিবেন।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪. ৭ জুলাই।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 14, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ১৪ জুলাই।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS OF THE HIGH COURT.—CIVIL SIDE.

No. 1655.

Dated Calcutta, the 17th June 1874.

From—H. J. S. COTTON, ESQ., Offg. Registrar of the High Court of Judicature at Fort William in Bengal.

To—The Judge of 24-Pergunnahs.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

I AM directed to acknowledge the receipt of your letter No. 442, dated 12th May 1874, applying for certain information in connection with Circular Order No. 12, dated 27th March 1874, on the subject of sheriff's fees.

2. In reply, I am to explain that "an ordinary return" is a return of service made under Section 49 of Act VIII of 1859. "A special return" is a return of service made otherwise than under that section. "A Citation, or summons to appear," is a process issued by the Civil Courts in this country in the exercise of their testamentary and intestate jurisdiction.

3. The only processes issued by the High Court in its original jurisdiction which the sheriff's officers are required to serve or execute, are those specified in the scale of fees which accompanied the Court's Circular Order above alluded to, *viz.* :—

(1.) Summons to a defendant to appear and answer.
(2.) Citation.
(3.) Execution (this includes prohibitory orders).

4. In reply to your third paragraph, I am to point out that the inconvenience of which you complain from not knowing what fee will be required before the return is received may be obviated by your sending with the process the maximum amount of fees chargeable by the sheriff and his officers under respective table of fees. The sheriff will account to you for whatever excess may be thus entrusted to him.

5. The Court direct me to add, for your information, that, as a rule, processes are served in the case of a European by a European bailiff, and in the case of a native by a native bailiff. A native bailiff is never employed when the person to be served or arrested is a European; a European bailiff may, however, at the request of the suitor, be employed when the person to be served or arrested is a native. This practice should always be remembered when receiving an application for the service of process, as it bears upon the amount of fees to be sent for the service of process by the sheriff.

By order of the High Court,
H. J. S. COTTON,
Offg. Registrar.

CIRCULAR No. 15.

Dated Calcutta, the 17th June 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

Copy of this letter forwarded to all District Judges and to the Judges of the Small Cause Courts of Sealdah and of Howrah, in continuation of the Court's Circular Order No. 12, dated 27th March 1874.

By order of the High Court,
H. J. S. COTTON,
Offg. Registrar.

[*Government Gazette*, 14*th July* 1874.]

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের দেওয়ানী সরক্যুলর।

১৬৫৫ নম্বর।

চব্বিশ পরগনার শ্রীযুত জজ সাহেবের নামে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এচ জে.এস কটন সাহেবের পত্র।—কলিকাতা, ১৮৭৪ সাল ১৭ জুন

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

১৮৭৪ সালের মে মাসের ১২ তারিখের তোমার ৪৪২ নং পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে। শরিফের রসুম বিষয়ে ১৮৭৩ সালের ২৭ মার্চের ১২ নম্বরের যে সরক্যুলর অর্ডর প্রকাশ হইয়াছিল ঐ পত্রে তৎসম্পর্কে কএক কথা জিজ্ঞাসা করিয়াছ।

২। তাহার উত্তর স্বরূপ এই কথা ব্যাখ্যা করিয়া জানাইতেছি। "সামান রিটর্ণ" এই কথায় ১৮৫৯ সালের ৮ আইনের ৪৯ ধারামতে সমন জারী করিয়া যে রিটর্ণ দেওয়া যায় তাহা বুঝাইবে। ঐ ধারামতে না হইয়া অন্য প্রকারে যে সমন দেওয়া যায় তাহার রিটর্ণ "বিশেষ রিটর্ণ" শব্দে বুঝাইবে। যাঁহারা উইল লিখিয়া মরেন ও যাঁহারা না লিখিয়া মরেন এদেশীয় নানা আদালত তাঁহাদের বিষয়ে বিচার করিবার ক্ষমতাক্রমে যে পরওয়ানা জারী করেন তাহার নাম "তলবচিঠি কিম্বা উপস্থিত হইবার সমন"।

৩। হাই কোর্ট আদৌ মোকদ্দমা শুনিবার ক্ষমতাক্রমে কার্য্য করিয়া যে পরওয়ানা দিয়া থাকেন, তাহার মধ্যে যে পরওয়ানা শরিফের আমলাগণের দ্বারা জারী করা যায় তাহা হাইকোর্টের পূর্ব্বোক্ত সরক্যুলর অর্ডরের রসুমের কর্দ্দে লেখা গিয়াছে। তাহা এই২।

(১) আসামীর উপস্থিত হইয়া উত্তর দিবার সমন।
(২) তলব চিঠি।
(৩) ডিক্রী জারী (ইহার মধ্যে নিষেধসূচক আজ্ঞাও ধরা গেল।

৪। পত্রের তৃতীয় দফায় লিখিয়াছ যে, কত টাকা ফী দিতে হইবে সমনের ওয়ারেণ্ট না হইলে তাহা জানিতে না পারাতে অসুবিধা জন্মে। তাহার প্রতিকারের এই উপায় জানাইতেছি। রসুমের নানা ফর্দ্দমতে শরিফ সাহেব ও তাঁহার আমলাগণ অত্যধিক যত টাকা রসুম লইতে পারেন পরওয়ানার সঙ্গে তত টাকা পাঠাইলে কিছু অসুবিধা হইবে না, তদ্রূপে শরিফ সাহেবের হাতে যত টাকা দেওয়া যায় তিনি তাহার হিসাব দিবেন।

৫। হাই কোর্ট তোমার জ্ঞানার্থে আরো এই কথা লিখিতে বলিয়াছেন। ইউরোপীয় ব্যক্তির নামে পরওয়ানা হইলে তাহা ইউরোপীয় বেলিফের দ্বারা জারী হইয়া থাকে, এদেশীয় ব্যক্তির নামে হইলে এদেশীয় বেলিফের দ্বারা জারী হইয়া থাকে, এই বিধি। যাহার উপর পরওয়ানা জারী করিতে হইবে কিম্বা যাহাকে গ্রেপ্তার করিতে হইবে সে ইউরোপীয় লোক হইলে এদেশীয় বেলিফ সেই কর্ম্ম পান না। কিন্তু যাহার উপর পরওয়ানা জারী করিতে হইবে কি যাহাকে গ্রেপ্তার করিতে হইবে সে এদেশীয় লোক হইলে, ফরিয়াদীর প্রার্থনামতে ইউরোপীয় বেলিফকে সেই কর্ম্মে নিযুক্ত করা যাইতে পারে। পরওয়ানা জারী করিবার দরখাস্ত পাইলে এই রীতির কথা মনে রাখা উচিত, কেননা শরিফের দ্বারা জারী করিবার নিমিত্তে পরওয়ানা পাঠান গেলে তদনুসারে রসুম অধিক বা কম করিয়া দিতে হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

---

১৫ নং সরক্যুলর।

কলিকাতা, ১৮৭৪ সাল ১৭ জুন।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
দেওয়ানী।

এই কোর্টের ১৮৭৪ সালের মার্চ মাসের ১২ তারিখের সরক্যুলর অর্ডর অবলম্বনে উক্ত পত্রের নকল জিলার জজ সাহেবদের নিকট এবং শিয়ালদহের ও হাবড়ার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজদের নিকট পাঠান গেল।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ, জে, এস, কটন,
একটিং রেজিষ্ট্রার।

CIRCULAR No. 16.

Dated Calcutta, the 22nd June 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

The Court are pleased to direct that all Small Cause Court Judges and Moonsiffs should examine the certificates of the pleaders practising in their Court during the last week of every quarter in the year (with a view to renewal at the proper date and on sufficient stamp), and submit a special report on the result of their inspection to the District Judge at the beginning of the ensuing quarter. It is expected that the District Judges will very carefully examine these reports and permit no irregularities to occur; and the subject should also receive attention in the District Annual Reports.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

CIRCULAR No. 17.

Dated Calcutta, the 23rd June 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

The Court are pleased to direct that, in reporting to the Court the renewal of pleader's and mookhtear's certificates under Section 8 of Act XX of 1865, District Judges will, in all cases, state the name of the pleader's or mookhtear's father in order that the pleader or mookhtear may be identified in the Rolls in the Court's Office.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

CIRCULAR MEMO. No. 1675.

Dated Calcutta, the 20th June 1874.

From—H. J. S. COTTON, Esq., Officiating Registrar of the High Court of Judicature at Fort William in Bengal,

To—The Judge of Bhagulpore.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

In reply to your letter No. $\frac{\text{C. D.}}{123}$, dated 15th June 1874, I am directed to say that the return called for in Circular Memorandum No. 9, dated 4th May 1874, should show the costs incurred in contested cases only.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

CIRCULAR MEMO. No. 15.

Dated Calcutta, the 20th June 1874.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Civil.

Forwarded to all District Judges and Judicial Commissioners, in continuation of Circular Memorandnm No. 9, dated 4th May 1874.

By order of the High Court,

H. J. S. COTTON.
Offg. Registrar.

[*Government Gazette*, 14*th July* 1874.]

১৬ নম্বর।

১৮৭৪ সাল সাল ২২ জুন।

হাই কোর্ট এই আজ্ঞা করিলেন। ক্ষুদ্র মোকদ্দমার সকল আদালতের জজদের ও মুনসেফদের আদালতে যে উকীলেরা ওকালতী করিয়া থাকেন, উপযুক্ত তারিখে উপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে তাঁহাদের সর্টিফিকট নূতন করিয়া দেওনের অভিপ্রায়ে, ঐ জজেরা ও মুনসেফেরা বৎসরের তিন২ মাসের শেষ সপ্তাহে ঐ সর্টিফিকট পরীক্ষা করিয়া দেখিবেন, ও তৎপশ্চাৎ তিন মাসের আরম্ভে জিলার জজ সাহেবকে আপনাদের পরীক্ষা করিয়া দেখার ফলের বিশেষ রিপোর্ট দিবেন। জিলার জজ সাহেবেরা অত্যন্ত মনোযোগে ঐ রিপোর্ট দেখিবেন এবং নিয়মের কোন ব্যতিক্রম হইতে দিবেন না এই আশা হইতেছে, আরো তাহাদের জিলার বার্ষিক রিপোর্টের মধ্যে সেই বিষয়ে উপযুক্তমতে মনোযোগ করিবেন।

হাই কোর্ট, ইংরাজী ডিপার্টমেণ্ট। দেওয়ানী।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ, জে, এস, কটন,

একটিং রেজিষ্ট্রার।

---

১৭ নং।

কলিকাতা, ১৮৭৪ সাল ২৩ জুন।

হাই কোর্ট এই আজ্ঞা করিয়াছেন। জিলার জজ সাহেবেরা ১৮৬৫ সালের ২০ আইনের ৮ ধারা-মতে হাই কোর্টে উকীল ও মোখ্তারদের সর্টিফিকট নূতন করিয়া লওনের কথা রিপোর্ট করণ সময়ে, সর্ব্বদাই উকীলের কি মোখ্তারের পিতারও নাম জানাইবেন। তাহাহইলে যে উকীল কি মোখ্তারকে লক্ষ করা যায় কোর্টের আফিসে যে নির্ঘণ্টপত্র আছে, সেই পত্রে তাহাদিগকে চেনা যাইতে পারিবে।

হাই কোর্ট, ইংরাজী ডিপার্টমেণ্ট। দেওয়ানী।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,

একটিং রেজিষ্ট্রার।

হাই কোর্টের স্মরণার্থ দেওয়ানী সরক্যুলর।

১৬৭৫ নম্বর।

ভাগলপুরের জজ সাহেবের নামে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এচ জে এস কটন সাহেবের পত্র।—কলিকাতা ১৮৭৪ সাল ২০ জুন।

তোমার ১৮৭৪ সালের জুন মাসের ১৫ তারিখের $\frac{CD}{1276}$ নম্বরের পত্র পাইয়া এই উত্তর লিখিতে আজ্ঞা পাইলাম। ১৮৭৪ সালের মে মাসের ৪ তারিখের ৯ নম্বরের স্মরণার্থ পত্রে যে রিটর্ণ পাঠাইবার আজ্ঞা হইয়াছিল, তাহার মধ্যে যে২ মোকদ্দমার প্রতিবাদ হয় তাহা-ছাড়া অন্য মোকদ্দমার কথা লিখিতে হইবে না।

হাই কোর্ট, ইংরাজী ডিপার্টমেণ্ট। দেওয়ানী।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,

একটিং রেজিষ্ট্রার।

১৫ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ২০ জুন।

১৮৭৪ সালের মে মাসের ৪ তারিখের ৯ নং স্মরণার্থপত্র অবলম্বনে সকল জিলার জজ সাহেব ও জুডিশ্যাল কমিশ্যনর সাহেবদের নিকট উক্ত পত্র পাঠান গেল।

হাই কোর্ট, ইংরাজী ডিপার্টমেণ্ট। দেওয়ানী।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,

একটিং রেজিষ্ট্রার।

CIRCULAR ORDERS OF THE HIGH COURT.—CRIMINAL SIDE.

No. 773.

Dated Calcutta, the 20th June 1874.

From—H. J. S. COTTON, ESQ., Offg. Registrar of the High Court of Judicature at Fort William in Bengal,

To—The Offg. Sessions Judge of Chittagong.

I AM directed to acknowledge the receipt of your lettet No. 61S., dated 5th June 1874, forwarding a copy of correspondence between yourself and the Magistrate as to the language in which the evidence of witnesses should be recorded in warrant cases.

HIGH COURT.
ENGLISH DEPARMTNET.
Criminal.

2. In reply, I am to say that your view of the case is correct. The Government Notification dated 30th June 1864, and published at page 1462 of the *Calcutta Gazette* of the 27th July 1864, notified under Section 196 of the old Code of Criminal Procedure (Act XXV of 1861) "that in every district of the Lower Provinces the evidence of witnesses shall be taken down by the Magistrate with his own hand and in his own vernacular language, unless he be prevented by any sufficient reason from taking down the evidence of any witness, in which case he shall record the reason of his inability to do so and shall cause the evidence to be taken down in writing from his dictation in open Court." It was also notified "that if the vernacular language of any Magistrate be neither English nor the language of the district in which his Court is held, he may take down the evidence in English, or in the language of the district, instead of in his own vernacular."

3. Section 335 of the new Code of Criminal Procedure (Act X of 1872) reproduces Section 196 of the old Code, and under the concluding paragraph of Section 2 of the new Code, the Government Notification of the 30th June 1864 is as much in force as if it had been published and made under Section 335 of that Code.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

CIRCULAR MEMO. No. 4.

Dated Calcutta, the 20th June 1874.

Copy of this letter, with the usual number of spare copies, forwarded to all Sessions Judges and Magistrates for information.

HIGH COURT.
ENGLISH DEPARTMENT.
Criminal.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

NOTIFICATION.

LEAVE OF ABSENCE.

The 2nd July 1874.—The unexpired portion of the leave of absence for 4 months from the 9th February 1874 granted to Baboo Nil Madhub Shamunto, Moonsif of Phenchoogunge, in the District of Sylhet, who returned to duty on the forenoon of the 3rd June 1874, is cancelled.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

হাই কোর্টের স্মরণার্থ ফৌজদারী সরক্যুলর।

৭৭৩ নম্বর।

চট্টগ্রামের সেশন জজ সাহেবের নামে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের একটিং রেজিষ্ট্রার শ্রীযুত এচ জে এস কটন সাহেবের পত্র। কলিকাতা, ১৮৭৪ সাল ২০ জুন।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট,
ফৌজদারী।

তোমার ১৮৭৪ সালের জুন মাসের ৫ তারিখের ৬১ S নং পত্র পাওয়া গিয়াছে যে২ মোকদ্দমায় গ্রেফ্তারী পরওয়ানা বাহির হয়, সেই২ মোকদ্দমায় সাক্ষিদের সাক্ষ্য যে ভাষায় লিখিতে হইবে এই বিষয়ে মাজিষ্ট্রেট সাহেবের সহিত তোমার যে পত্রাদির লিখনপঠন হইয়াছে, উক্ত পত্রের সহিত তাহার নকল পাঠাইয়াছ।

তদুত্তরে জানাইতেছি যে তোমার অভিমত যথার্থ। গবর্ণমেণ্টের ১৮৬৪ সালের ৩০ জুনের যে জ্ঞাপনপত্র ১৮৬৫ সালের ২ আগষ্টের গবর্ণমেণ্ট গেজেটের ৮৪৬ পৃষ্ঠায় প্রকাশ করা গিয়াছিল তন্মধ্যে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের পুরাতন আইনের (১৮৬১ সালের ২৫ আইনের) ১৯৬ ধারানুসারে এই আদেশ হইল যে, "বঙ্গপ্রভৃতি দেশের প্রত্যেক জিলার মাজিষ্ট্রেট সাক্ষির সাক্ষ্য স্বদেশীয় ভাষায় স্বহস্তে লিখিয়া লইবেন। তিনি যদি উপযুক্ত বাধাহেতুক সাক্ষির সাক্ষ্য লিখিয়া লইতে না পারেন, তবে যে কারণে লিখিয়া লইতে পারিলেন না তাহা রিকার্ড করিবেন, এবং মুক্তদ্বার আদালতে আপন বাক্যোচ্চারণক্রমে সাক্ষ্য লেখাইবেন।" আরো এই আদেশ হইয়াছিল যে, "যদি মাজিষ্ট্রেটের মাতৃভাষা ইংঙ্গরাজী ভাষা না হয় এবং যে জিলায় তাঁহার আদালতের বৈঠক হয় সেই জিলার চলিত ভাষাও না হয়, তবে তিনি স্বীয় মাতৃভাষায় সাক্ষ্য না লিখিয়া ইংরাজী ভাষায় কিম্বা জিলার চলিত ভাষায় তাহা লিখিয়া লইতে পারিবেন।"

৩। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের নূতন আইনের (১৮৭২ সালের ১০ আইনের) ৩৩৫ ধারা সেই পুরাতন আইনের ১৯৬ ধারামাত্র। এবং ঐ নূতন আইনের ২ ধারার শেষ দফামতে গবর্ণমেণ্টের ১৮৬৪ সালের ৩০ জুনের ঐ জ্ঞাপনপত্র ঐ আইনের ৩৩৫ ধারামতে প্রকাশ করা গেলে যদ্রূপ বলবৎ হইত তদ্রূপেই বলবৎ থাকিবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

---

৪ নম্বর।

কলিকাতা, ১৮৭৪ সাল ২০ জুন।

হাই কোর্ট,
ইংরাজী ডিপার্টমেণ্ট।
ফৌজদারী।

উক্ত পত্রের অতিরিক্ত কএক কেতা নকল সেশন জজ ও মাজিষ্ট্রেট সাহেবদের জ্ঞানার্থে পাঠান গেল।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ জে এস কটন,
একটিং রেজিষ্ট্রার।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

ছুটী।

১৮৭৪ সাল ২ জুলাই।—শ্রীহট্ট জিলার অন্তর্গত ফেঞ্চুগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু নীলমাধব সামন্ত ১৮৭৪ সালের জুন মাসের ৩ তারিখের পূর্ব্বাহ্নে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে, তাঁহার ছুটীর অবশিষ্টাংশ রহিত করা গেল।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ, জে, এস, কটন,
একটিং রেজিষ্ট্রার।

হাই কোর্ট, ১৮৭৪ সাল ২২ জুন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ৪ জুলাই।]

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE, L.P.

JUNE 1874.

HON'BLE V. H. SCHALCH, C.S.I.

No. 7.

IT having come to light that the Bengali translation of Form No. 20, page 302 of the Board's Rules, now in use, contained certain inaccurate headings as noted on the margin, a revised edition of the Form was recently ordered to be printed. As, however it appears that there is a very large number of copies of the inaccurate Forms still in stock, the Member in charge deems it expedient that these should be used up before the revised Forms are supplied, the necessary corrections being made by hand in the local offices.

	For	Read
In Table I, Column 5—		
Former Revenue	সাবেক জমা	সাবেক সদর জমা
In Table I, Column 6—		
Former Rent Roll.	সাবেক তৌজিমত	সাবেক জমাবন্দিমত
In Table I, Column 7—		
Former actual Mofussil Collections.	সাবেক যথার্থ আদায়	সাবেক যথার্থ মফঃস্বল আদায়

The following words should be omitted from the heading of 20,A—

২০ নং রেজিষ্টরির

In 20,B, after the word বন্দকর, the word প্রভৃতি should be added.

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭৪ সাল জুন মাস।

মান্যবর শ্রীযুত বি এচ শক সাহেব, সি, এস, আই।

৭ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ৪৬৫ পৃষ্ঠায় ২০ নম্বরের যে পাঠ আছে তাহার যে বাঙ্গলা তর্জমার ব্যবহার হইয়া থাকে কএক ঘরের শিরোলিপিতে সেই তর্জমার ভুল হইয়াছে, এই কথা প্রকাশ হওয়াতে ঐ পাঠ সংশোধন করিয়া ছাপাইবার আজ্ঞা হইল। কিন্তু সেই অশুদ্ধ পাঠের অনেকখানি এখনও হাতে আছে, অতএব এই বিষয়ে যে মেম্বর সাহেবের প্রতি অধ্যক্ষতা ভার থাকে তিনি বোধ করেন যে স্থানীয় নানা আফিসে ঐ পাঠের বাঙ্গলা তর্জমা হাতে লিখিয়া সংশোধন করা ভাল। ফুরাইয়া গেলে সংশোধিত পাঠ পশ্চাৎ বিলি করিয়া দেওয়া যাইবে।

১ টেবিলের ৫ ঘরে,

Former Revenue. সাবেক জমা, ইহার পরিবর্ত্তে সাবেক সদর জমা পাঠ্য

১ টেবিলের ৬ ঘরে,

Former Rent Roll. সাবেক ভৌজীমতে ইহার পরিবর্ত্তে সাবেক জমাবন্দিমতে পাঠ্য।

১ টেবিলের ৭ ঘরে।—

Former actual mofussil collection সাবেক যথার্থ আদায় ইহার পরিবর্ত্তে সাবেক যথার্থ মফঃসল আদায় পাঠ্য।

২০A নম্বরের শিরোলিপির মধ্যে "২০ নং রেজিষ্টরির" এই কথা ত্যাগ করিতে হইবে।

২০B নম্বরে "বন্দর" শব্দের পর "প্রভৃতি" শব্দ দিতে হইবে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 21, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ২১ জুলাই।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

NOTIFICATION.

LEAVE OF ABSENCE.

The 8th July 1874.—Baboo Tarini Churn Mookerjee, Moonsif of Jahanabad, in the district of East Burdwan, is allowed leave of absence for one month on medical certificate, under Section 3, Supplement F, of the Civil Leave Code.

By order of the High Court,

H. J. S. COTTON,
Offg. Registrar.

[*Government Gazette, 21st July* 1874.]

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

ছুটী।

১৮৭৪ সাল ৮ জুলাই।—পূর্ব্ব বর্দ্ধমান জিলার অন্তর্গত জাহানাবাদের মুনসেফ শ্রীযুত বাবু তারিণীচরণ মুখোপাধ্যায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে সিবিলকার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ, জে, এস, কটন,
একটিং রেজিষ্ট্রার।